# শীর্ষস্থানীয় কলেজসমূহের নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র

SURE SUCCESS

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 3 0 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ইতিহাস প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ বাবর ভারতীয় উপমহাদেশে আগমন করে ইব্রাহিম লোদীর সাথে পানিপথের প্রথম যুদ্ধে লিপ্ত হন। তিনি মাত্র ১২ হাজার সৈন্য নিয়ে ইব্রাহিম লোদীকে মোকাবিলা করেন। ইব্রাহিম লোদীর লক্ষাধিক সৈন্যকে পরাস্ত করে তিনি মুঘল সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন।

ক. ইস্ট ইন্ডিয়া কোম্পানি কত সালে গঠিত হয়? ১

খ. অন্ধকূপ হত্যা কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের যুদ্ধের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন যুদ্ধের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত যুদ্ধে নবাবের পরাজয়ের কারণগুলো বিশ্লেষণ কর। ৪

২ ▶ 'ক' অঞ্চলটি 'খ' বহিঃশক্তির সঙ্গে একটি যুদ্ধে পরাজয়ের পরে 'খ'-এর নিয়ন্ত্রণে চলে যায়। 'ক' অঞ্চলে 'খ' একটি অভিনব শাসন পদ্ধতি প্রবর্তন করে। অর্থনৈতিকভাবে লাভবান হওয়ার জন্য সমস্ত ট্যাক্স আদায়ের ক্ষমতা 'খ' নিজেদের হাতে রাখে এবং প্রশাসনিক কার্যক্রম পরিচালনার দায়িত্ব 'ক' অঞ্চলের প্রতিনিধিদের হাতে অর্পণ করে। ফলে অর্থনৈতিক ও প্রশাসনিক ক্ষেত্রে চরম বিশৃঙ্খলা দেখা দেয় এবং একপর্যায়ে এলাকায় চরম দুর্ভিক্ষের প্রাদুর্ভাব হয়।

ক. আলীবর্দী খান কে ছিলেন? ১

খ. কোম্পানির সাথে নবাব সিরাজদ্দৌলার বিরোধের কারণ সংক্ষেপে লেখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের সাদৃশ্যপূর্ণ ঘটনা ব্যাখ্যা কর। ৩

ঘ. আর্থ-সামাজিক ক্ষেত্রে উক্ত ঘটনার নেতিবাচক প্রভাব আলোচনা কর। ৪

৩ ▶ সালাম অ্যান্ড সন্স গার্মেন্টস কারখানাটি দীর্ঘদিন যাবৎ নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত হয়ে আসছিল। কিন্তু এর ফলে একপর্যায়ে কারখানার শ্রমিকদের মধ্যে চরম অসন্তোষ এবং বিদ্রোহ দেখা দেয়। এর ফলে কর্তৃপক্ষ কারখানাটিতে বিদ্যমান ব্যবস্থাপনাকে বাতিল করে প্রত্যক্ষ নিয়ন্ত্রণে আনয়ন করে।

ক. বাংলায় নবাবি বংশের প্রতিষ্ঠাতা কে? ১

খ. লর্ড রিপন কেন বিখ্যাত? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত কর্তৃপক্ষের সাথে পাঠ্যপুস্তকে কার সাদৃশ্য আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ব্যবস্থা কি প্রশাসনিক শৃঙ্খলা এনেছিল? যুক্তি দাও। ৪

৪ ▶ ২০২০ সালের ৫ মে ভারতীয় ও চীনা সেনারা তাদের নিয়ন্ত্রণ রেখা পূর্ব লাদাখের বিভিন্ন স্থানে মুখোমুখি সংঘর্ষে লিপ্ত হয়। এতে ২০ জন ভারতীয় সেনা নিহত হবার প্রতিবাদে ভারত 'বয়কট চীন' কর্মসূচি গ্রহণ করে। পুরো ভারত জুড়ে তখন একটাই স্লোগান 'চীনের জিনিস চাই না' এছাড়াও কলকাতার বড় বাজারে চীনা পণ্য পুড়িয়ে প্রতিবাদ জানায়।

ক. ভারতবর্ষের ইতিহাসে ব্রিটিশ শাসন কয় ভাগে বিভক্ত? ১

খ. হান্টার কমিশন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনা তোমার পাঠ্যবইয়ের কোন আন্দোলনের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. এই আন্দোলন জাতীয় পর্যায়ে সাড়া জাগাতে ব্যর্থ হয় কেন? মতামত দাও। ৪

৫ ▶ জয়নুল হক সাহেব একজন খ্যাতনামা মুসলিম রাজনীতিবিদ। তিনি তার ধর্মের অনুসারীদের জন্য পৃথক আবাসভূমি প্রতিষ্ঠার জন্য দলের বার্ষিক সম্মেলনে একটি প্রস্তাব উত্থাপন করেন। উক্ত প্রস্তাবে একাধিক রাষ্ট্রের প্রতি ইঙ্গিত ছিল।

ক. মুসলিম লীগ কত খ্রিষ্টাব্দে গঠিত হয়? ১

খ. রাওলাট আইন কী? ২

গ. উদ্দীপকের জয়নুল হক সাহেবের দাবিটি ঐতিহাসিক কোন প্রস্তাবের কথা স্মরণ করিয়ে দেয়? আলোচনা কর। ৩

ঘ. "উক্ত প্রস্তাবের মধ্যেই স্বাধীন বাংলাদেশের বীজ নিহিত ছিল।"– উক্তিটি সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৬ ▶ সিফাত তার বাবার কাছে শুনতে পায় একটি দাবিকে প্রতিষ্ঠা করার জন্য এদেশের যুবকদের বুকের তাজা রক্ত দেওয়ার কিছু ইতিহাস। বাবা তাকে বলে রক্তের বিনিময়ে তাদের সে দাবি বাস্তবে রূপ নেয় এবং বর্তমানে আন্তর্জাতিক মহলেও দাবিটি স্বীকৃতি লাভ করায় সারাবিশ্বে দিনটি মর্যাদার সাথে পালিত হচ্ছে।

ক. বাংলা একাডেমির পূর্বনাম কী? ১

খ. যুক্তফ্রন্ট কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন আন্দোলনের মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত আন্দোলন ছিল বাঙালি জাতির প্রথম জাতীয়তাবাদী আন্দোলন" —পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▶

| কর্ম বিভাগ | পশ্চিম পাকিস্তান | পূর্ব পাকিস্তান |
|---|---|---|
| সেনাবাহিনী | ৯৫% | ৫% |
| নৌবাহিনী | ৮১% | ১৯% |
| বিমান বাহিনী | ৯১% | ৯% |

ক. মৌলিক গণতন্ত্রের প্রবক্তা কে? ১

খ. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের ফলাফল ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ছকটিতে পূর্ব পাকিস্তানের প্রতি যে বৈষম্য দেখানো হয়েছে তার আলোকে অর্থনৈতিক বৈষম্য ব্যাখ্যা কর। ৩

ঘ. "এ সকল বৈষম্যই পূর্ব পাকিস্তানের জনগণকে স্বাধীনতার পথে ধাবিত করে"– তোমার মতামত দাও। ৪

৮ ▶ সাদমান একটি ইতিহাসের বই পড়ে বুঝতে পেরেছে বইটি লেখা হয়েছে পাশাপাশি দুই দেশের মধ্যে সংঘটিত একটি যুদ্ধকে কেন্দ্র করে। যে যুদ্ধের অন্যতম কারণ ছিল একটি অঞ্চলের ওপর দুটি দেশের অধিকার প্রতিষ্ঠার প্রচেষ্টা। ১৭ দিনের এ যুদ্ধের সমাপ্তি হয়েছিল অন্য একটি দেশের মধ্যস্থতায় যুদ্ধ বিরতি এক চুক্তি স্বাক্ষরের মাধ্যমে।

ক. কে নিজেকে প্রেসিডেন্ট হিসেবে ঘোষণা করার জন্য ইস্কান্দার মির্জাকে অপসারণ করেছিল? ১

খ. ১৯৭১ সালে বুদ্ধিজীবী হত্যা সম্পর্কে লেখ। ২

গ. সাদমান যে যুদ্ধ সম্পর্কিত বই পড়েছিল সে যুদ্ধের কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. অনুরূপ একটি যুদ্ধের ফলে পূর্ব পাকিস্তানে আইয়ুব বিরোধী চেতনা প্রবলভাবে জাগ্রত হয়– বিশ্লেষণ কর। ৪

৯ ▶ লিপির বাবা বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে শহিদ হন। তার মা এবং প্রতিবেশী নারীরা মুক্তিযোদ্ধাদের আশ্রয় প্রদানসহ সামর্থ্য অনুযায়ী খাবার সরবরাহ করতেন। এছাড়া তারা সকলে মিলে আহত মুক্তিযোদ্ধাদের সেবাশুশ্রূষার দায়িত্বও গ্রহণ করেন।

ক. কনসার্ট ফর বাংলাদেশের উদ্যোক্তা কে? ১

খ. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত মিতুর মায়ের কর্মকাণ্ডের সাথে তোমার পাঠ্যবইয়ের কাদের কর্মকাণ্ডের মিল খুঁজে পাওয়া যায়? ৩

ঘ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে মিতুর মায়ের মতো একটি বিশেষ শ্রেণির অবদান ছিল তাৎপর্যপূর্ণ —উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১০ ▶ মুক্তিযুদ্ধের গল্প শুনতে গিয়ে মালিহা তার নানুকে জিজ্ঞেস করল, মুক্তিযুদ্ধের সময় ভারত ও রাশিয়ার মতো বিশ্বের সব দেশই কি আমাদের সাহায্য করেছিল? উত্তরে নানু বললেন, শক্তিধর রাষ্ট্রগুলোর মধ্যে দুটি দেশ সরাসরি আমাদের বিরোধিতা করেছে। অন্য একটি রাষ্ট্র আমাদের আন্তর্জাতিকভাবে সমর্থন করেছে।

ক. বিবিসি কোন দেশের প্রচার মাধ্যম? ১

খ. প্রবাসী বাঙালি বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বিরোধী রাষ্ট্রগুলো যে ভূমিকা পালন করেছিল —তা মূল্যায়ন কর। ৩

ঘ. উক্ত কর্মকাণ্ডের বিপরীতে যে রাষ্ট্রটি ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করেছে তা বিশ্লেষণ কর। ৪

১১ ▶ ২০২২ সালের আকস্মিক বন্যায় বাংলাদেশের অনেক অঞ্চল ভয়াবহ সংকটের মুখোমুখি হয়। খাদ্য, বস্ত্র, বাসস্থানের অভাবে নিদারুণ কষ্টে দিনাতিপাত করে বানভাসী মানুষ। বেশকিছু সংগঠন ও ব্যক্তিবর্গ সাংস্কৃতিক কর্মকাণ্ডে অর্জিত অর্থ নিয়ে দুর্গত মানুষের পাশে দাঁড়ায়।

ক. জর্জ হ্যারিসন কোন দেশের শিল্পী? ১

খ. মুক্তিযুদ্ধে জাতিসংঘের উদ্যোগ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন ঘটনার মিল পাওয়া যায় ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত কর্মকাণ্ডের ঐতিহাসিক গুরুত্ব তোমার পাঠ্যপুস্তকের আলোকে নিরূপণ কর। ৪

# হলি ক্রস কলেজ, ঢাকা

বিষয় কোড : 3 0 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ইতিহাস প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ ১৯৪৩ সালে রোমান সাম্রাজ্যের পতনের পর প্রাচ্যে প্রবেশপথ এক প্রকার ইউরোপীয়দের জন্য বন্ধ হয়ে পড়ে। তখন তারা সমুদ্রপথে প্রাচ্য অভিযান শুরু করে। তৎকালীন সময়ে বিভিন্ন সাম্রাজ্যের উত্থান-পতনে ইউরোপের অর্থনীতি দুর্বল হয়ে পড়ে। সেই সময় ভারতবর্ষ তাদের কাছে সোনার ডিম পাড়া হাঁস হিসেবে গণ্য হয়। এছাড়াও বিভিন্ন পর্যটক দ্বারা বর্ণিত সমৃদ্ধ ভারতবর্ষের ছবি তাদের লালায়িত করতে সক্ষম হয়।

ক. ফোর্ট উইলিয়াম দুর্গ কে নির্মাণ করেন? ১

খ. অন্ধকূপ হত্যা কী? ব্যাখ্যা কর। ২

গ. ভারতবর্ষে ইউরোপিয়ানদের আগমনের কারণগুলো বর্ণনা কর। ৩

ঘ. ভারতবর্ষে আগত ইউরোপীয় কোম্পানিসমূহের সংক্ষিপ্ত পরিচয় তোমার পাঠ্যবইয়ের আলোকে তুলে ধর। ৪

২ ▸ বঙ্কিমচন্দ্রের 'আনন্দ মঠ' উপন্যাস পড়ার সময় রকিব বাংলায় সংঘটিত একটি দুর্ভিক্ষের বিশদ বর্ণনা পড়ল। মূলত ক্ষমতাহীন নবাবের শাসন, নবাবের ওপর বিদেশি শক্তির প্রভাব ও তাদের লুটপাট উক্ত দুর্ভিক্ষের অন্যতম কারণ ছিল। এই দুর্ভিক্ষে প্রায় এক কোটি মানুষ খাবারের অভাবে মারা যায়, যা সমগ্র বাংলার জনসংখ্যার এক-তৃতীয়াংশ।

ক. আলীবর্দী খান কে ছিলেন? ১

খ. বক্সারের যুদ্ধের গুরুত্ব লেখ। ২

গ. উদ্দীপকে কোন দুর্ভিক্ষের প্রতি ইঙ্গিত করা হয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. উক্ত দুর্ভিক্ষের ফলাফল আলোচনা কর। ৪

৩ ▸ সংস্কারবাদী শাসক হিসেবে ভারতের ইতিহাসে মি. 'ক' বিশেষভাবে পরিচিত। ইংরেজ ঔপনিবেশিক শাসনামলে ব্রিটিশ শাসকদের মধ্যে তিনি ভারতীয়দের কল্যাণে নানা সংস্কারমূলক পদক্ষেপ গ্রহণ করেন। হান্টার কমিশন গঠন স্থানীয় স্বায়ত্তশাসনমূলক আইন প্রণয়ন, ইলবার্ট বিল প্রণয়ন, বেঙ্গল টিন্যান্সি আইন পাশ ইত্যাদি তার অন্যতম সংস্কার কর্ম।

ক. ভারতের শেষ গভর্নর জেনারেল কে ছিলেন? ১

খ. মহারানি ভিক্টোরিয়ার রাজকীয় ঘোষণা সম্পর্কে লেখ। ২

গ. উদ্দীপকে কোন ব্রিটিশ শাসককে ইঙ্গিত করা হয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. উক্ত শাসকের সংস্কার কার্যক্রমগুলো পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

৪ ▸ বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাসে পুরুষের পাশাপাশি নারী সমাজের ভূমিকা অসামান্য। বায়ান্নর ভাষা আন্দোলন, উনসত্তরের গণঅভ্যুত্থান, একাত্তরের মুক্তিযুদ্ধ সর্বক্ষেত্রেই নারীরা পুরুষের পাশাপাশি সক্রিয় ভূমিকা পালন করেছে। এদেশ প্রতিষ্ঠায়, সফলতায় ও সমৃদ্ধিতে নারী সমাজের ভূমিকা চির অম্লান।

ক. পাকিস্তানের জনসংখ্যার কত শতাংশের ভাষা ছিল বাংলা? ১

খ. মাতৃভাষা দিবসের তাৎপর্য কী? ২

গ. বাংলাদেশের অভ্যুদয়ে নারী সমাজের ভূমিকা বর্ণনা কর। ৩

ঘ. বাংলা ভাষার বিশুদ্ধতা রক্ষায় তোমার করণীয় আলোচনা কর। ৪

৫ ▸ আলম সাহেব একজন খ্যাতনামা মুসলিম রাজনীতিবিদ। তিনি তার ধর্মেও অনুসারীদের পৃথক আবাসভূমি প্রতিষ্ঠার জন্য তার দলের বার্ষিক সম্মেলনে একটি প্রস্তাব উত্থাপন করেন। উক্ত প্রস্তাবে একাধিক রাষ্ট্র প্রতিষ্ঠার ইঙ্গিত ছিল।

ক. কত খ্রিষ্টাব্দে 'মন্ত্রিমিশন পরিকল্পনা' পেশ করা হয়? ১

খ. প্রাদেশিক স্বায়ত্তশাসন বলতে কী বোঝায়? ২

গ. আলম সাহেবের প্রস্তাবের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন প্রস্তাবের সাদৃশ্য রয়েছে? ৩

ঘ. তোমার পঠিত উক্ত প্রস্তাবে স্বাধীন বাংলাদেশের বীজ নিহিত ছিল– তুমি কি এ প্রস্তাবেব সাথে একমত? যুক্তিসহ লেখ। ৪

৬ ▸



ক. পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রীর বাসভবনের নাম কী ছিল? ১

খ. 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' সম্পর্কে কী জান? ২

গ. উদ্দীপকের চিত্রটি তোমার পাঠ্যবইয়ের কোন আন্দোলনকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত আন্দোলন ছিল বাঙালি জাতির প্রথম জাতীয়তাবাদী আন্দোলন"– পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▸ মিসেস তপতী ইতিহাস ক্লাসে কয়েকটি দফা সংবলিত একটি ঐতিহাসিক কর্মসূচি সম্পর্কে বললেন। উক্ত কর্মসূচিটি বাঙালি জাতির মুক্তির জন্য বাঙালির ম্যাগনাকার্টা হিসেবে পরিচিত।

ক. কত তারিখে মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে? ১

খ. মৌলিক গণতন্ত্র কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন কর্মসূচির প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত কর্মসূচিটি ছিল বাঙালি জাতির মুক্তির সনদ, বাঙালির ম্যাগনাকার্টা"– তোমার মুক্তি দাও। ৪

৮ ▸ "গুচ্ছ রক্ত করবীর মতো কিনবা সূর্যাস্তের
জ্বলন্ত মেঘের মতো আমাদের শার্ট
উড়ছে হাওয়ায় নীলিমায়।"

ক. ছয় দফা দাবি কবে পেশ করা হয়? ১

খ. ১৯৭০ সালের নির্বাচনের ফলাফল সংক্ষেপে লেখ। ২

গ. উদ্দীপকের কবিতার লাইনগুলোর সাথে তোমার পাঠ্যবইয়ের কোন আন্দোলনের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত আন্দোলনের ফলাফল বিশ্লেষণ কর। ৪

৯ ▸ নানচিং গণহত্যা পৃথিবীর ইতিহাসে বর্বরোচিত গণহত্যাগুলোর মধ্যে একটি। দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রাক্কালে দ্বিতীয় চীন-জাপান যুদ্ধ চলাকালে ১৯৩৭-৩৮ সালে জাপানি রাজকীয় সেনাবাহিনী কর্তৃক সংঘটিত একটি গণহত্যা। ৬ সপ্তাহব্যাপী এই গণহত্যা শুরু হয় ১৯৩৭ সালের ১৩ ডিসেম্বর। এ সময়ে জাপানের রাজকীয় সেনাবাহিনী অন্তত চার লাখ নিরীহ চীনা নারী, পুরুষ, শিশুকে নির্দয়ভাবে হত্যা করে।

ক. লাহোর প্রস্তাব কে উত্থাপন করেন? ১

খ. প্রবাসী সরকার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে ১৯৭১ খ্রিষ্টাব্দে বাংলাদেশে ঘটে যাওয়া কোন ঘটনার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ঘটনা ছিল বাঙালির ইতিহাসে এক কলঙ্কময় অধ্যায়– বিশ্লেষণ কর। ৪

১০ ▸ মাথা জুড়ে ঝাঁকড়া চুলের উচ্ছ্বাস। হাতে গিটার। তীক্ষ্ণ চোখ। বহুদিন গান গাননি জনতার মঞ্চে। এমন একটি মানুষ গেয়ে উঠলেন বাংলাদেশের গান। বাঙালির কাছে অতি পরিচিত সেই নাম জর্জ হ্যারিসন বিখ্যাত সংগীত দল দ্যা বিটলসের লিড গিটারিস্ট। বিশ্ব সংগীতের ইতিহাসে কনসার্ট ফর বাংলাদেশ এক মাইল ফলক হিসেবে আবির্ভূত হলো। পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ তখনো এক অচেনা রাষ্ট্র। কিন্তু মেডিসন স্কয়ারের সংগীতের প্রবল জোয়ারে পৃথিবী জুড়ে ছড়িয়ে গেল একটি নাম, বাংলাদেশ।

ক. মুজিবনগর সরকারের অর্থ ও বাণিজ্য মন্ত্রী কে ছিলেন? ১

খ. মুক্তিযুদ্ধে বিদেশি প্রচার মাধ্যমগুলোর ভূমিকা কী ছিল? ২

গ. উদ্দীপকে উল্লিখিত জর্জ হ্যারিসনসহ মুক্তিযুদ্ধে বিদেশি ব্যক্তি বর্গের ভূমিকা বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে বৃহৎ শক্তিবর্গের ভূমিকা মূল্যায়ন কর। ৪

১১ ▸ প্রশ্নে নেই।

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

বিষয় কোড : | 3 | 0 | 4 |

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ইতিহাস প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ রাকিব রোমান সভ্যতার ইতিহাস পড়ার সময় লক্ষ করল, রোমান সম্রাট নিরো তার বিশাল সাম্রাজ্যে শক্তিশালী সেনাবাহিনী, দক্ষ মন্ত্রিবর্গ থাকা সত্ত্বেও নিজের অভিজ্ঞতার অভাব, অভ্যন্তরীণ ষড়যন্ত্র, বিশ্বস্ত ব্যক্তির বিশ্বাসঘাতকতায় যুদ্ধে পরাজিত হন । ফলে রোমান সাম্রাজ্যের পতন তরান্বিত হয়।

ক. আলিবর্দী খানের প্রকৃত নাম কী? ১
খ. দেওয়ানি কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের যুদ্ধের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন যুদ্ধের মিল পাওয়া যায়? উক্ত যুদ্ধের কারণসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. "উক্ত যুদ্ধের ফলাফল ছিল সুদূরপ্রসারী।" তুমি কি কথাটির সাথে একমত? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

২ ▸ নয়নের দাদা ব্রিটিশ রাজকর্মচারী ছিলেন। ব্রিটিশ শাসনের শুরুতে রবার্ট ক্লাইভ দ্বৈতশাসন ব্যবস্থা চালু করে। নয়ন তার মায়ের কাছে ব্রিটিশ শাসনের সময়কার অনেক ঘটনা শুনেছে। তখন বাংলা ১১৭৬ সন। বাংলায় হয়েছিল এক ভয়াবহ দুর্ভিক্ষ। নয়নের দাদারা সাত ভাই-বোন ছিল। পর পর দুই বছর খরা হওয়ায় কৃষি উৎপাদন প্রায় বন্ধ ছিল। এ দুর্ভিক্ষে তাদের সাত ভাই-বোনের চার জন মারা যায়। তৎকালীন বাংলার অর্থনৈতিক মেরুদণ্ড প্রায় ভেঙে পড়ে। ব্রিটিশদের নীতির কারণে বাংলায় প্রায় এক-তৃতীয় মানুষের অকাল মৃত্যু হয়।

ক. ১১৭৬ সনের দুর্ভিক্ষকে কী বলা হয়? ১
খ. দ্বৈতশাসন প্রবর্তনের প্রধান কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে নয়নের দাদার ঘটনার আলোকে উক্ত দুর্ভিক্ষের সময়কার ঘটনা বর্ণনা কর। ৩
ঘ. তৎকালীন বাংলার অর্থনীতি ভেঙে পড়ার ক্ষেত্রে উদ্দীপকের শাসনব্যবস্থা কতটুকু দায়ী বলে তুমি মনে কর? তোমার মতামত দাও। ৪

৩ ▸ উনবিংশ শতাব্দীর শেষভাগে ইহুদিরা আন্দোলনের মাধ্যমে পৃথক ইহুদিবাদী আবাসভূমি প্রতিষ্ঠার দাবিতে সোচ্চার হয়ে ওঠে। ইহুদিদের সম্প্রদায়ভিত্তিক কোনো আবাসস্থল বা দেশ পৃথিবীর কোথাও ছিল না। ১৯১৭ খ্রিষ্টাব্দের ২ নভেম্বর ব্রিটিশ পররাষ্ট্র ও অর্থবিষয়ক মন্ত্রী জেমস্ বেলফোরের একটি ঘোষণার মধ্য দিয়ে প্যালেস্টাইনের ইহুদি ইসরাইল রাষ্ট্রের উদ্ভব হয়।

ক. মুসলিম লীগ কত খ্রিষ্টাব্দে গঠিত হয়? ১
খ. ১৯৪৭ খ্রিষ্টাব্দের ভারত স্বাধীনতা আইনের গুরুত্ব কী ছিল? ২
গ. উদ্দীপকের ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রীর ঘোষণার ন্যায় কোন প্রস্তাবে ভারতে মুসলমানদের জন্য পৃথক রাষ্ট্রের দাবি করা হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উক্ত প্রস্তাবের মধ্য স্বাধীন বাংলাদেশের বীজ নিহিত ছিল।"– উক্তিটি সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৪ ▸ গ্রামের কৃষক রহিম মিয়া চায়ের দোকানে বসে আড্ডা দিচ্ছিলেন। তখন বৃদ্ধ দোকানদার আড্ডার মাঝে ভারতীয় উপমহাদেশে ব্রিটিশ বেনিয়া শাসনের ইতিহাস প্রসঙ্গ টানেন। এসময় কৃষক তার সামান্য জ্ঞান থেকে বলেন, ভারতীয় উপমহাদেশে ব্রিটিশ বেনিয়া শাসনের ইতিহাসে লর্ড রিপন (১৮৮০-১৮৮৪) ছিলেন এক গৌরবোজ্জ্বল আসনের অধিকারী। তিনি ছিলেন লিবারেল পার্টির অন্যতম নেতৃস্থানীয় ব্যক্তি। শান্তিপ্রিয় রিপন সাম্রাজ্যবাদ বিরোধী ও শান্তি নীতিতে বিশ্বাসী ছিলেন।

ক. মোহামেডান লিটারেরী সোসাইটি কে প্রতিষ্ঠা করেন? ১
খ. আলীগড় আন্দোলন কী? ২
গ. কৃষক রহিম মিয়ার অভিব্যক্তিতে লর্ড রিপনের যেসব বিষয় ফুটে উঠেছে তা বর্ণনা কর। ৩
ঘ. "উপমহাদেশে গণতন্ত্র প্রবর্তনের পথে লর্ড রিপনই পথপ্রদর্শক"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

৫ ▸ স্যার রফিক উদ্দিন স্বতন্ত্র আবাসভূমির দাবি করেন এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে রাজনৈতিক ও অর্থনৈতিক উন্নতি সাধনের চেষ্টা করেন। এ বিখ্যাত আন্দোলন 'জাহাঙ্গীরনগর আন্দোলন' নামে বিখ্যাত। এ আন্দোলনে মুসলমানদের মধ্যে পুনর্জাগরণের সৃষ্টি হয়।

ক. কে বাঁশের কেল্লা নির্মাণ করেন? ১
খ. রাওলাট আইন কী? ব্যাখ্যা কর। ২
গ. জাহাঙ্গীরনগর আন্দোলনের সাথে আলীগড় আন্দোলনের সাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. স্যার রফিক উদ্দিনের বর্ণনার আলোকে আলীগড় আন্দোলনের ফলাফল বিশ্লেষণ কর। ৪

৬ ▸ "ওরা আমার মুখের ভাষা
কাইড়া নিতে চায়।
ওরা কথায় কথায় শিকল পড়ায়
আমার হাতে পায়।"

ক. বঙ্গভঙ্গ রদ হয় কত সালে? ১
খ. তমুদ্দন মজলিস কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কবিতাটি তোমার পাঠ্যবইয়ে উল্লিখিত কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ঘটনা ছিল বাঙালির স্বাধিকার আন্দোলনের ১ম ধাপ– তোমার মতামত দাও। ৪

৭ ▸ ফাহিম প্রায়ই শুনে সাংবাদিক সম্মেলন কথাটি। কিন্তু সে বোঝে না এর মাধ্যমে কী করা হয়। তার পিতা তাকে সাংবাদিক সম্মেলন বোঝাতে গিয়ে উদাহরণ হিসেবে বলেন, সাংবাদিক সম্মেলনের মাধ্যমে আমাদের এক মহান নেতা অত্যাচারী শাসকদের কাছে ৬ দফা দাবি তুলে ধরেছিলেন। এর প্রথম দাবিটি ছিল যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থাধীনে সংসদীয় সরকার হবে। সর্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে প্রাপ্তবয়স্কদের ভোটে নির্বাচন অনুষ্ঠিত হবে।

ক. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রীর নাম কী ছিল? ১
খ. বাংলা ভাষার আন্তর্জাতিকায়ন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে ফাহিমের পিতার উদাহরণে পাঠ্যপুস্তকের যে ধারনার প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, উদ্দীপকের মহান নেতার দাবিতে পূর্ব বাংলার মানুষের সকল অধিকারের কথা তুলে ধরা হয়েছিল? মতামত দাও। ৪

৮ ▸ আবির স্বপ্নে দেখে এক মহান নেতার নেতৃত্বে একটি দল একটি দেশের সাধারণ নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছে। কিন্তু শাসকগোষ্ঠী ক্ষমতা হস্তান্তরের ষড়যন্ত্র করছে। ফলে ওই মহান নেতার নেতৃত্বে ও ডাকে দেশটিতে একবছরের কিছু কম সময় যুদ্ধ পরিচালিত হয় এবং একসময় দেশটি স্বাধীনতা লাভ করে। কিন্তু দুঃখের বিষয় এ মহান নেতাকে অন্যায়ভাবে হত্যা করে একদল লোক দেশটিকে স্বৈরশাসনের হাতে তুলে দেয়।

ক. রেসকোর্স ময়দানের বর্তমান নাম কী? ১
খ. মুজিবনগর সরকার কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে যে দেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস ফুটে উঠেছে তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মহান নেতা পাঠ্যপুস্তকের কোন নেতার সাথে সাদৃশ্য রয়েছে? বিশ্লেষণ কর। ৪

৯ ▸


ক. কত তারিখে মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে? ১
খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে গণমাধ্যমের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ছবিটি আমাদের কোন ঘটনাকে মনে করে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ঘটনা আমাদের জাতীয় জীবনে অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে মূল্যায়ন কর। ৪

১০ ▸ রোহান ও সোহান বাংলাদেশের মুক্তিযুদ্ধ নিয়ে আলোচনা করছিল। রোহান বলল, বাংলাদেশের মুক্তিযুদ্ধে বহির্বিশ্বের অনেক দেশ আমাদেরকে সাহায্য করেছিল। সোহান বলল, বিশ্বের শক্তিশালী অনেক দেশ আমাদের বিরোধিতাও করেছিল।

ক. বিবিসি কোন দেশের সংবাদ মাধ্যম? ১
খ. আগড়তলা ষড়যন্ত্র মামলা কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে রোহান যে দেশগুলোর কথা বলতে চেয়েছে বাংলাদেশের মুক্তিযুদ্ধে সে দেশগুলোর ভূমিকা ব্যাখা কর। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী তুমি কি সোহানের কথার সাথে একমত? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

১১ ▸ মিয়ানমার সেনাবাহিনীর অত্যাচার ও নির্যাতনের কারণে মুসলমান রোহিঙ্গা জনগোষ্ঠী বাংলাদেশ শরনার্থী শিবিরে আশ্রয় গ্রহণ করেছে। বাংলাদেশ সরকার সাধ্যমতো তাদেরকে সাহায্য ও সহযোগিতা করেছে। এ ছাড়া বন্ধুপ্রতীম অনেক দেশ সাহায্য অব্যাহত রেখেছে।

ক. জর্জ হ্যারিসন কে ছিলেন? ১
খ. ভেটো ক্ষমতা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মতো তোমার পাঠ্যবইয়ের যে দেশ প্রধানত বাংলাদেশকে সাহায্য করেছে মুক্তিযুদ্ধে উক্ত দেশের প্রচার মাধ্যমের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত দেশের সহযোগিতামূলক কর্মকাণ্ডই বাংলাদেশের বিজয়কে ত্বরান্বিত করে– তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

# রাজশাহী কলেজ, রাজশাহী

বিষয় কোড : 3 0 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ইতিহাস প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ এক রাজার তিন কন্যা ছিল। তিনি ছোট কন্যাকে বেশি ভালোবাসতেন। তাই মৃত্যুর সময় তিনি ছোট কন্যার ছেলে রূপসকে তার উত্তরাধিকার করে যান। এতে করে অপরাপর কন্যা ও তাদের পুত্ররা অসন্তুষ্ট হয় এবং রূপসকে ক্ষমতাচ্যুত করার ষড়যন্ত্রে লিপ্ত হয়। এক্ষেত্রে ষড়যন্ত্রকারীদের সহয়তাকারী বণিকদের সাথে রূপসের যুদ্ধ সংঘটিত হয়। যুদ্ধে রূপসের প্রধান সেনাপতির বিশ্বাসঘাতকতার কারণে তিনি পরাজিত ও নিহত হন। এর ফলে দেশের স্বাধীনতা ভূলুণ্ঠিত হয়।

ক. কোন ইউরোপীয় জাতি প্রথম ভারতবর্ষে আগমন করে? ১

খ. ইঙ্গ-ফরাসি দ্বন্দ্বে ফরাসিরা কেন ব্যর্থ হয়েছিল? ২

গ. উদ্দীপকে বর্ণিত রূপসের সাথে বণিকদের মধ্যে সংঘটিত তোমার পাঠ্যবইয়ের কোন যুদ্ধের ইঙ্গিত বহন করে? উক্ত যুদ্ধের যেকোনো ৩টি কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, এই যুদ্ধে রূপসের পরাজয়ের মধ্য দিয়েই দেশের স্বাধীনতার সূর্য অস্তমিত গিয়েছিল? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২ ▸ সাথী ইতিহাস পড়ে জানতে পারে যে, 'ক' অঞ্চলে বিদেশি কর্তৃক প্রবর্তিত শাসনব্যবস্থার কিছু বৈশিষ্ট্য। এ ধরনের শাসনব্যবস্থায় নবাবের দায়িত্ব আছে কিন্তু ক্ষমতা নেই। ফলে দেশের আর্থসামাজিক অবস্থার করুণ চিত্র দেখা দেয়।

ক. বক্সারের যুদ্ধ কোন সালে সংঘটিত হয়? ১

খ. অন্ধকূপ হত্যা কী? ২

গ. উদ্দীপকের সাথী ইতিহাস পড়ে তোমার পাঠ্যপুস্তকের কোন শাসনব্যবস্থার কথা জানতে পারে? উক্ত শাসনব্যবস্থার বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত শাসনব্যবস্থার ফলেই আর্থসামাজিক অবস্থার করুণ পরিণতি দেখা দেয়? ব্যাখ্যা কর। ৪

৩ ▸ আফ্রিকার দেশ ঘানার স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে দেখা যায়, সে দেশের শিক্ষিত ব্যক্তিরা ঔপনিবেশিক শাসনের বিরোধিতা করে স্বশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে আন্দোলন শুরু করে। আন্দোলনের অপরিহার্যতা হিসেবে ১৯৪৯ সালে কনভেনশন পিপলস্ পার্টি গঠিত হয়। এই দলের নেতৃত্বে ঘানার জাতীয়তাবাদী ও স্বাধীনতা আন্দোলন সফলতার মুখ দেখে।

ক. ভারতে ইংরেজরা কোন সালে দিওয়ানি লাভ করে? ১

খ. ১৯৫৮ সালে মহারানি ভিক্টোরিয়ার ঘোষণাপত্র কী ছিল? ২

গ. উদ্দীপকের সাথে ভারতের কোন রাজনৈতিক দলের প্রতিষ্ঠার মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লিখিত রাজনৈতিক দল ভারতের রাজনৈতিক ক্ষেত্রে কোন পরিবর্তন নিয়ে এসেছিল বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

৪ ▸ 'ক' রাষ্ট্রে বহুদিন ধরে বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের মানুষ একত্রে বসবাস করে আসছে। একসময় ওই অঞ্চলে একটি বড় বিদ্রোহ সংঘটিত হয়। ফলে শাসকবর্গ পিছিয়ে থাকা সম্প্রদায়কে দায়ী করে। ওই সময় সেখানে ত্রাণকর্তা হিসেবে একজন মনীষীর আবির্ভাব ঘটে। তিনি তার সম্প্রদায়কে সকল গোঁড়ামি ত্যাগ করে ইংরেজি শিক্ষায় শিক্ষিত হয়ে শাসকের সাথে দূরত্ব কমিয়ে আনার পরামর্শ দেন। এজন্য তিনি বিভিন্ন সভা-সমিতি ও প্রতিষ্ঠানের মাধ্যমে আন্দোলন গড়ে তোলেন। ফলে তার সম্প্রদায়ের মধ্যে আত্মবিশ্বাস ও সচেতনতা গড়ে ওঠে।

ক. বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন কে? ১

খ. ভারতীয় জাতীয় কংগ্রেস-এর লক্ষ্য ও উদ্দেশ্য কী ছিল? ২

গ. উদ্দীপকের মনীষীর সঙ্গে তোমার পাঠ্যবইয়ের কোন মনীষীর কাজের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ভারতীয় মুসলমানদের চেতনা বিকাশে তার প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানসমূহ ও আন্দোলনের অবদান সর্বাধিক– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৫ ▸ বাংলাদেশের উত্তরাঞ্চলে একমাত্র বিভাগ ছিল রাজশাহী। ১৬টি জেলা নিয়ে এই বিভাগ। এতবড় বিভাগ একটি প্রশাসনিক ইউনিটের অধীনে রেখে সুশাসন প্রতিষ্ঠা করা কঠিন। যার ফলে সরকার সিদ্ধান্ত গ্রহণ করে ৮টি জেলা নিয়ে আলাদা বিভাগ করার। রংপুর নামে নতুন বিভাগ করা হয়। ফলে ওই অঞ্চলের জনগণের দীর্ঘদিনের প্রত্যশা পূরণ হয়।

ক. ভারতীয় জাতীয় কংগ্রেস কত সালে প্রতিষ্ঠিত হয়? ১

খ. আলীগড় আন্দোলনের লক্ষ্য ও উদ্দেশ্য কী ছিল? ২

গ. উদ্দীপকের বিষয় তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়ের সাথে সাদৃশ্যপূর্ণ? এর দুটি কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, এর ফলে নতুন বিভাগের জনসাধারণের ব্যাপক সুযোগ-সুবিধা সৃষ্টি হয়? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬ ▸ পূর্বে ইহুদি সম্প্রদায়ের জন্য কোনো পৃথক আবাসভূমি বা দেশ ছিল না। উনবিংশ শতাব্দীর শেষভাগে ইহুদিরা পৃথক আবাসভূমির দাবিতে সোচ্চার হয়ে ওঠে। ১৯৭১ সালের ২ নভেম্বর ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী আর্থার জেমস বেলফোর তার ঘোষণায় ফিলিস্তিনে একটি ইহুদি রাষ্ট্র গঠনের কথা ঘোষণা করেন।

ক. অসহযোগ আন্দোলনের নেতা কে ছিলেন? ১

খ. ভারতে কেন খিলাফত আন্দোলন শুরু হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ন্যায় কোন প্রস্তাবে ভারতের মুসলমাদের জন্য পৃথক আবাসভূমির দাবি করা হয়? উক্ত প্রস্তাবের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত প্রস্তাবের মধ্যেই স্বাধীন বাংলাদেশের বীজ নিহিত ছিল– ব্যাখ্যা কর। ৪

৭ ▸ "ওরা আমার মুখের ভাষা
কাইড়া নিতে চায়,
ওরা কথায় কথায় শিকল পরায়
আমার হাতে পায়।"

ক. তমদ্দুন মজলিস কোন সালে গঠিত হয়? ১

খ. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের উদ্ধৃতি বাংলাদেশের কোন আন্দোলনের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লিখিত আন্দোলন প্রথম বাংলাদেশের মানুষকে ঐক্যবদ্ধ করেছিল– তুমি কি একমত? যুক্তি দাও। ৪

৮ ▸

| বিষয় | পূর্ব পাকিস্তান | পশ্চিম পাকিস্তান |
|---|---|---|
| মেজর জেনারেল | ০১ | ২০ |
| বিগ্রেডিয়ার | ০০ | ৩৫ |
| লেফটেন্যান্ট কর্নেল | ০২ | ১৯৮ |
| মেজর | ১০ | ৫৯০ |
| রাজস্ব ব্যয় | ২৫% | ৭৫% |
| স্বর্ণ প্রতি ভরি | ১৭০ টাকা | ১৩৫ টাকা |

ক. পাকিস্তানের প্রথম সংবিধান কোন সালে প্রণয়ন করা হয়? ১

খ. মৌলিক গণতন্ত্র কী? ২

গ. উদ্দীপকের ছকে তোমার পঠিত বৈষম্যের ক্ষেত্রে কোন বিষয়ের বৈষম্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লিখিত বৈষম্য পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে বিরোধের প্রধান কারণ ছিল– তুমি কি একমত? যুক্তি দাও। ৪

৯ ▸ কালাম সাহেব একটি পাটকলের মালিক। কিন্তু তিনি কর্মচারীদের সুযোগ-সুবিধার প্রতি মনোযোগী নন। ফলে কর্মচারীদের নেতা শামীম নায্য দাবিগুলো সুনির্দিষ্টভাবে মালিকের কাছে পেশ করেন। কর্মচারীদের জন্য বাসস্থানের ব্যবস্থা করা, স্বাস্থ্যসেবা নিশ্চিত করা, ঝুঁকিপূর্ণ কাজের জন্য উৎসাহ ভাতা প্রদান করা ইত্যাদি দাবিগুলো কর্মচারীদের মধ্যে আলোড়ন সৃষ্টি করে। মালিক দাবিগুলোর প্রতি গুরুত্ব না দিলে কর্মচারীরা আন্দোলন করতে বাধ্য হয়।

ক. আগরতা ষড়যন্ত্র মামলার কত জন আসামি ছিলেন? ১

খ. কখন, কোথায় এবং কারা শেখ মুজিবুর রহমানকে'বঙ্গবন্ধু উপাধি প্রদান করে? ২

গ. উদ্দীপকের বিষয়টি বাংলাদেশের কোন বিষয়ের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লিখিত দাবিনামাকে বাঙালির মুক্তিসনদ বলা হয়– তোমার মতামত দাও। ৪

১০ ▸ দক্ষিণ-পূর্ব এশিয়ার অন্যতম দেশ মিয়ানমার। যার পূর্বের নাম বার্মা। মিয়ানমার বিশ্বে আলোচিত সামরিক শাসনের জন্য। দীর্ঘদিন ধরে সামরিক শাসনের বিরুদ্ধে আন্দোলন করেন বিরোধী দলীয় নেত্রী অং সান সুচি। ফলে অনেক নেতা কর্মীসহ সুচিকে গ্রেফতার করা হয়। নির্যাতন করে আন্দোলন দমনের চেষ্টা করে সামরিক সরকার। একসময় জনগণ ঐক্যবদ্ধ হয়ে আন্দোলন গড়ে তোলে। সামরিক শাসক নির্বাচন দিতে বাধ্য হয়। নির্বাচনে সুচির দল বিপুলভাবে বিজয় লাভ করে।

ক. মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন? ১

খ. মুক্তিযুদ্ধে যুক্তরাষ্ট্রের ভূমিকা কী ছিল? ২

গ. উদ্দীপকের নির্বাচন বাংলাদেশের কোন নির্বাচনের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লিখিত নির্বাচন বাংলাদেশের স্বাধীনতা লাভে গুরুত্বপূর্ণ অবদান রেখেছিল– তুমি কি একমত? যুক্তি দাও। ৪

১১ ▸ সমস্যাসঙ্কুল মধ্যপ্রাচ্যে ১৯৯০ সালের ২ আগস্ট নতুন করে সমস্যা দেখা দেয়। এসময় ইরাক কুয়েতে আক্রমণ করে। আক্রান্ত কুয়েতের জনগণ জীবন রক্ষার্থে পাশের রাষ্ট্র জর্ডানে আশ্রয় নেয়। আশ্রিত শরণার্থীদের সাহায্যার্থে জর্ডানের সরকার মানবিক কারণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

ক. বাংলাদেশ কোন সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে? ১

খ. প্রবাসী বাঙালিরা কীভাবে মুক্তিযুদ্ধকে সহায়তা করে? ২

গ. উদ্দীপকের ঘটনা তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়ের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লিখিত বিষয়টি বাংলাদেশের মুক্তিযুদ্ধকে কতটুকু সহায়তা করেছিল বলে তুমি মনে কর? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

# সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর

বিষয় কোড : 3 0 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

# ইতিহাস প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ একটি অঞ্চলে দুর্ভিক্ষ আর মহামারিতে হাজার হাজার লোক মৃত্যুবরণ করছে, যার খবর সারা বিশ্বের মানুষ ঠিকমতো জানেও না। বাংলার কোম্পানি শাসন আমলে এমনই একটি মন্বন্তর সৃষ্টি হয়েছিল। মূলত ক্লাইভ প্রবর্তিত দ্বৈতশাসন ও প্রাকৃতিক কারণেই বাংলার এ মহাদুর্ভিক্ষের সৃষ্টি হয়েছিল।

ক. ওলন্দাজ কারা? ১
খ. 'সূর্যাস্ত আইন' বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন মন্বন্তরের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শেষ বক্তব্যের আলোকে দ্বৈত শাসনব্যবস্থার অর্থনৈতিক প্রভাব বিশ্লেষণ কর। ৪

২ ▸ 'ক' নামক অঞ্চলের ধনসম্পদে আকৃষ্ট হয়ে ইউরোপ থেকে সর্বপ্রথম একটি জাতি ব্যবসায় বাণিজ্যের উদ্দেশ্যে উক্ত অঞ্চলে এসে কুঠি গড়ে তোলে। তারা বিভিন্ন সময়ে বিভিন্ন অপকর্ম ও লুটতরাজ করত। ফলে 'ক' অঞ্চলের জনৈক জমিদার এ বাণিজ্য সংস্থাকে উক্ত অঞ্চল থেকে বিতাড়িত করেন।

ক. ক্লাইভ কখন দ্বিতীয়বার বাংলায় আসেন? ১
খ. ১৭৬৫ খ্রিষ্টাব্দে ইংরেজ কোম্পানির দিউয়ানি লাভের গুরুত্ব বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত 'ক' অঞ্চলের সাথে মধ্যযুগে ভারতীয় উপমহাদেশের কোন অঞ্চলের সাদৃশ্য আছে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত অঞ্চলটির প্রচুর প্রাকৃতিক সম্পদই বিদেশি আধিপত্যবাদের একমাত্র কারণ– বিশ্লেষণ কর। ৪

৩ ▸ "আমাদের দুর্বলতা, ভীরুতা কলুষ আর লজ্জা
সমস্ত দিয়েছে ঢেকে একখণ্ড বস্ত্র মানবিক;
আসাদের শার্ট আজ আমাদের প্রাণের পতাকা।"

ক. 'কনসার্ট ফর বাংলাদেশ' কোথায় অনুষ্ঠিত হয়? ১
খ. ১৯৬৬ খ্রিষ্টাব্দের 'ছয় দফার' গুরুত্ব লেখ। ২
গ. উদ্দীপকের কবিতার লাইনগুলো তোমার পাঠ্যবইয়ের যে আন্দোলনের কথা মনে করিয়ে দেয় তার পটভূমি সম্পর্কে লেখ। ৩
ঘ. উক্ত আন্দোলনের ফলাফল সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৪ ▸ রাজধানী তাইপোতে অনুষ্ঠিত আন্তর্জাতিক আইন সম্মেলনে এক শান্তি প্রস্তাব ঘোষণা করেন প্রেসিডেন্ট মা-য়িং। দক্ষিণ চীন সাগরে বিতর্কিত সমুদ্রসীমা নিয়ে উত্তেজনা নিরসনে এ প্রস্তাব কাজ করবে বলে দাবি করেন মা-য়িং।

ক. কে বাঁশের কেল্লা নির্মাণ করেন? ১
খ. বক্সারের যুদ্ধের প্রত্যক্ষ কারণ বর্ণনা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রস্তাবের সাথে তোমার পঠিত কোন প্রস্তাবের মিল পাওয়া যায়? উক্ত প্রস্তাবের মূলনীতি ব্যাখ্যা কর। ৩
ঘ. "এ প্রস্তাবের আলোকে দুটি স্বাধীন রাষ্ট্রের জন্ম হয়" — পঠিত বিষয়ের আলোকে উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৫ ▸ হিরানি বাস করেন দক্ষিণাংশে যেখানে দেশটির উত্তর অংশ থেকে অনেক বেশি সমৃদ্ধি চোখে পড়ে। অথচ সংখ্যাগরিষ্ঠ জাতির বসবাস ছিল এ উত্তর অংশে। শাসন ক্ষমতায় পিছিয়ে থাকা এ জাতি তাই এক সময় স্বায়ত্তশাসনের দাবি তুলতে বাধ্য হয়।

ক. কোন গভর্নর জেনারেলের শাসনামলে বঙ্গভঙ্গ হয়? ১
খ. অসহযোগ আন্দোলনের ব্যর্থতার কারণ লেখ। ২
গ. হিরানির দেশের দুই অংশের সমৃদ্ধির পার্থক্য পাকিস্তান শাসনামলে বাংলাদেশের কোন অবস্থার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত অবস্থায় স্বায়ত্তশাসনের দাবি ছিল অত্যন্ত যৌক্তিক বিষয় — পাকিস্তানি শাসনের প্রেক্ষাপটে বিশ্লেষণ কর। ৪

৬ ▸ সালমান সাহেব প্রচুর ভূসম্পত্তির মালিক। গ্রামের বর্গা চাষিরা তার জমি চাষ করে। কিন্তু জমির যত্ন না নেওয়ায় ফসল কম হয়। প্রত্যেক বছর বর্গাদার পরিবর্তন করেও তিনি সুফল পান না। তাই তিনি বার্ষিক নির্দিষ্ট পরিমাণ ফসলের বিনিময় স্থায়ী বর্গা দেওয়ার পরিকল্পনা করেন। এতে তিনি নানাভাবে লাভবান হন।

ক. জাতিসংঘের কোন সংগঠন একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে? ১
খ. কোন কোন দল নিয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়? ২
গ. উদ্দীপকের সালমান সাহেবের পরিকল্পনার সাথে গাঠ্যবইঘরে কোন শাসকের পরিকল্পনার সাদৃশ্য আছে? আলোচনা কর। ৩
ঘ. উক্ত পরিকল্পনা দোষ-গুণের সংমিশ্রণ ছিল– বিশ্লেষণ কর। ৪

৭ ▸ সিফফিনের যুদ্ধে হযরত আলী (রা.)-এর আক্রমণে মুয়াবিয়া (রা.) যখন কোণঠাসা হয়ে পড়েন তখন আমর আল-আস (রা.)-এর কূটচালে হযরত আলী (রা.) যুদ্ধ বন্ধ করেন এবং নিজের পরাজয় ডেকে আনেন।

ক. খিলাফত আন্দোলনের নেতাদের নাম লেখ। ১
খ. লাহোর প্রস্তাব কী? ২
গ. উদ্দীপকের যুদ্ধের সাথে উপমহাদেশের কোন যুদ্ধের মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উল্লিখিত যুদ্ধে বাংলা স্বাধীনতা হারিয়েছিল — বিশ্লেষণ কর। ৪

৮ ▸ কোম্পানির কর্মচারীদের গোমস্তা ও পেয়াদাদের নির্যাতনের ফলে বাংলার তাঁতিরা কোম্পানির কর্মচারীদের কাছে কম মূল্যে কাপড় বিক্রি করতে বাধ্য হয়।

ক. পর্তুগিজরা সর্বপ্রথম কোথায় কুঠি স্থাপন করে? ১
খ. ১৮৫৭ সালে সিপাহিদের মধ্যে বৈষম্যের স্বরূপ বর্ণনা কর। ২
গ. উদ্দীপকে কোম্পানির কর্মচারীদের নির্যাতনের চিত্র পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বক্তব্যের আলোকে কোম্পানির শাসনব্যবস্থার অর্থনৈতিক প্রভাব বিশ্লেষণ কর। ৪

৯ ▸ ১৮৫৮ সালে এক রাজকীয় ঘোষণা বলে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটিয়ে ভারতবর্ষের শাসনভার ব্রিটিশ রানি স্বহস্তে গ্রহণ করেন।

ক. বঙ্গভঙ্গ হয় কত সালে? ১
খ. মুসলিম লীগ গঠনের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত ১৮৫৮ সালের মহারানির ঘোষণাটি ব্যাখ্যা কর। ৩
ঘ. কোম্পানির শাসনের অবসান ঘটার ফলে কী কী পরিবর্তন সাধিত হয়? উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৪

১০ ▸ আয়মান তার বাবার সাথে রায়েরবাজারে ঘুরতে যায়। সেখানে তারা বধ্যভূমি ঘুরে দেখে। সেখানে সে তার বাবার কাছে ১৯৭১ সালের ২৫ মার্চের গল্প শোনে। সেই রাতের নিষ্ঠুরতা তাকে আহত করে। তবে বাঙালির প্রতিরোধের গল্প শুনে তার ভালো লাগে।

ক. রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ কখন গঠিত হয়? ১
খ. কীভাবে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আয়মানের ঘুরে দেখা স্থান বাঙালির কোন মর্মান্তিক ঘটনার স্মৃতি বহন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "বাঙালির প্রতিরোধের গল্প শুধুই গল্প নয়, এটা ছিল মুক্তিযুদ্ধের সূচনা" — বিশ্লেষণ কর। ৪

১১ ▸ কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি।

ক. কত সালে ফোর্ট উইলিয়াম দুর্গ নির্মিত হয়? ১
খ. অসহযোগ আন্দোলনের ব্যর্থতার কারণ লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কবিতার লাইনটি তোমার পাঠ্যবইয়ের যে ঘটনার কথা মনে করিয়ে দেয় তার পটভূমি বর্ণনা কর। ৩
ঘ. উক্ত ঘটনাটি বাঙালি জনগোষ্ঠীকে সর্বপ্রথম বাঙালি জাতীয়তাবাদে উদ্দীপ্ত করে তোলে– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

# ইতিহাস প্রথম পত্র ⊙ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ ম্যারিগোল্ড এলাকায় ভিন্ন মতাবলম্বী দল 'ক' ও 'খ' একচেটিয়া আধিপত্য বিস্তারের লড়াইয়ে নামে। এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ শান্তি স্থাপনের জন্য বেশ কয়েকটি বৈঠকের আয়োজন করে। প্রথম বৈঠকে 'ক' দল যোগদান করেনি। দ্বিতীয় বৈঠকে 'ক' ও 'খ' দুই দলের মধ্যে কোনো আপস হয়নি। 'খ' দল তৃতীয় বৈঠক বর্জন করে। এভাবে সব বৈঠক ব্যর্থতায় পর্যবসিত হয়।

ক. কত সালে সাইমন কমিশন ভারতে আসে? ১
খ. নেহেরু রিপোর্টে কী কী প্রস্তাব ছিল? ২
গ. উদ্দীপকের বৈঠকসমূহ পাঠ্যপুস্তকের কোন বৈঠকের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. বৈঠকসমূহ চূড়ান্ত লক্ষ্য অর্জনে ব্যর্থ হয়– তোমার মতামত দাও। ৪

২ ▸ বোগেনভিলিয়া একটি প্রত্যন্ত গ্রাম। সারা বছর এই গ্রামের জনগণ অনাহারে-অর্ধাহারে দিন কাটায়। তাদের নিজেদের মধ্যে দ্বন্দ্ব-সংঘাত লেগেই ছিল। গ্রামটিকে আধুনিকরূপে গড়ে তোলার জন্য তিন সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠিত হয়। কমিটি তাদের নিজস্ব পরিকল্পনা অনুযায়ী সমস্যার সমাধান করে।

ক. লাহোর প্রস্তাব কে উত্থাপন করেন? ১
খ. দ্বিজাতি তত্ত্ব কী? ২
গ. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ তোমার পাঠ্যবইয়ের কমিশনের প্রস্তাবগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. কমিশনের প্রস্তাবসমূহ শেষপর্যন্ত ভয়াবহ পরিণতি লাভ করে– তোমার মতামত দাও। ৪

৩ ▸ জনাব হলিহক একজন বিচক্ষণ শাসক। তার দেশের একটি বৃহৎ অংশ জুড়ে স্বাধীনতা আন্দোলন জোরদার হয়ে ওঠে। তিনি সম্প্রীতি ফিরিয়ে আনার চেষ্টা করেন। তিনি উপলব্ধি করেন যে, দ্রুত মীমাংসার জন্য ক্ষমতা হস্তান্তর করতে হবে। তার উদ্যোগে পার্লামেন্ট স্বাধীনতা আইন পাশ করে। আইন অনুযায়ী পৃথক স্বাধীন রাষ্ট্রের জন্ম হয়।

ক. ব্রিটিশ ভারতের সর্বশেষ ভাইসরয় কে ছিলেন? ১
খ. ক্রিপস মিশন কী? ২
গ. উদ্দীপকের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন আইন সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত আইন দ্বারা দুটি স্বাধীন রাষ্ট্রের জন্মের মাধ্যমে উপমহাদেশের শাসনতান্ত্রিক জটিলতার নিরসন হয়– তোমার মতামত দাও। ৪

৪ ▸ আব্রাহাম লিংকন গণতান্ত্রিক বিশ্বের মুক্তিকামী মানুষের পথিকৃৎ এবং গণতন্ত্রের ইতিহাসে একটি স্মরণীয় নাম। তিনি স্বীয় মেধাবলে সামান্য অবস্থান থেকে আমেরিকার প্রেসিডেন্ট পদকে অলংকৃত করেন। রাজনীতির ক্ষেত্রে তিনি এক অনন্য প্রতিভার স্বাক্ষর রেখে গেছেন। তার বিখ্যাত ভাষণ ছিল– "Government of the people, by the people and for the people".

ক. মুজিবনগর সরকার কবে গঠিত হয়? ১
খ. কালরাতে 'অপারেশন সার্চলাইট' কোথায় পরিচালিত হয়? ২
গ. অব্রাহাম লিংকন-এর চরিত্র ও কর্মকাণ্ড বাঙালির মুক্তির পথপ্রদর্শক কোন নেতার সাথে সাদৃশ্যপূর্ণ– ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত নেতার বলিষ্ঠ ও আপসহীন নেতৃত্বে বাংলাদেশ স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের মর্যাদা লাভ করেছে– বিশ্লেষণ কর। ৪

৫ ▸ দক্ষিণ এশিয়ার একটি দেশ পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত হওয়ার লক্ষ্যে জাতীয় ও প্রাদেশিক পরিষদের নির্বাচনে অংশগ্রহণ করে জাতীয় প্রাদেশিক পরিষদে নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে ওই দেশে একটি সরকার গঠন করা হয়। এ সরকারের ১২টি মন্ত্রণালয় ও বিভাগ ছিল। উক্ত সরকারের উদ্দেশ্য ছিল বিশ্ব জনমত সৃষ্টি করে স্বাধীনতা অর্জন করা।

ক. শহিদ বুদ্ধিজীবী দিবস কবে? ১
খ. স্বাধীনতা যুদ্ধে প্রবাসীদের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে পঠিত বিষয়ে যে সরকারের প্রতিচ্ছবি ফুটে উঠেছে, তা ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, এ সরকার গঠনের মধ্য দিয়েই স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের রূপরেখা চূড়ান্ত হয়েছিল? ৪

৬ ▸ ইতোপূর্বে পৃথিবীতে দুটি ভয়াবহ যুদ্ধ সংঘটিত হয়। যুদ্ধের ভয়াবহতা লক্ষ করে যুদ্ধে লিপ্ত দেশগুলো ভবিষ্যৎ পৃথিবীকে যুদ্ধ মুক্ত রাখার জন্য দুটি সংগঠন প্রতিষ্ঠা করে। মূলত প্রথমটির ব্যর্থতার কারণেই দ্বিতীয় সংগঠনটির উৎপত্তি ঘটে। যদিও এ যাবৎ কোনো বৃহৎ যুদ্ধ সংঘটিত হয়নি কিন্তু তবু পৃথিবী যুদ্ধ মুক্ত নয়। বৃহৎ শক্তিবর্গের হস্তক্ষেপের কারণেই সংগঠনটি কার্যকর ভূমিকা পালনে ব্যর্থ হচ্ছে।

ক. জর্জ হ্যারিসন কর্তৃক আয়োজিত কনসার্টের নাম কী? ১
খ. মুক্তিযুদ্ধে চীনের ভূমিকা কীরূপ ছিল? ২
গ. সংগঠনটির কার্যকর ভূমিকা পালনে ব্যর্থতার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সংগঠনটির মানবিক বিপর্যয় রোধে কার্যকর ভূমিকা পালন করে– পাঠ্যবইয়ের নিরিখে বিশ্লেষণ কর। ৪

৭ ▸ আমেরিকার স্বাধীনতা যুদ্ধে ফ্রান্স বিপ্লবীদের রসদ ও অস্ত্র সরবরাহ করে সাহায্য করে। তারা স্থল ও নৌপথে আমেরিকার স্বাধীনতাকামীদের সাহায্য করে। অবশেষে প্যারিস চুক্তির মাধ্যমে যুক্তরাষ্ট্রের স্বাধীনতা স্বীকার করে ব্রিটিশরা আমেরিকা ত্যাগ করে।

ক. মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন? ১
খ. স্বাধীনতার ঘোষণাটি লেখ। ২
গ. উদ্দীপকের অনুরূপ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে সহযোগী দেশটির অবদানের বর্ণনা দাও। ৩
ঘ. শুধু সামরিক নয়, মানবিক সাহায্যের ক্ষেত্রেও দেশটির ভূমিকা ছিল অগ্রগণ্য– উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৮ ▸ "ঘরে ঘরে দুর্গ গড়ে তোল। তোমাদের যার যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবিলা করতে হবে।"

ক. কোন কর্মসূচিকে বাঙালির ম্যাগনাকার্টা বলা হয়? ১
খ. অপারেশন সার্চলাইট কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্ধৃতাংশটি যে ঘটনাকে স্মরণ করিয়ে দেয়, তা ব্যাখ্যা কর। ৩
ঘ. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ে উক্ত ঘটনার প্রভাব ছিল খুবই তাৎপর্যপূর্ণ– মতামত দাও। ৪

৯ ▸ পোশাক শ্রমিকদের দীর্ঘদিনের বঞ্চনার প্রতিবাদ হিসেবে তারা মালিকের কাছে বেশকিছু দাবি পেশ করে এবং এই দাবি আদায়ের জন্য তারা মিছিল করে রাজপথে রক্ত ঝরায়। অবশেষে তারা তাদের অধিকার আদায় করে।

ক. ১৯৬৫ খ্রিষ্টাব্দে পাক-ভারত যুদ্ধ কত দিন চলেছিল? ১
খ. পূর্ব পাকিস্তানের প্রতি সামরিক বৈষম্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের পরিস্থিতিতে তোমার পাঠ্যবইয়ে উল্লিখিত কোন ঐতিহাসিক দাবি উত্থাপিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত দাবি বাংলার মানুষের মুক্তির সনদ– কথাটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

১০ ▸ আজকাল পাশ্চাত্য ভাষা ও সংস্কৃতির প্রতি তরুণ প্রজন্মের আগ্রহ ও অনুশীলন দেখে এক প্রবীণ ব্যক্তি হতাশার সুরে বলেন, কত ত্যাগের বিনিময়ে আমাদের এই ভাষা!

ক. পাকিস্তানের প্রথম সংবিধান কবে রচিত হয়? ১
খ. যুক্তফ্রন্ট গঠনের পটভূমি ব্যাখ্যা কর। ২
গ. প্রবীণ ব্যক্তির হতাশা বাংলাদেশের কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বাঙালির আত্মপরিচয় ও অসাম্প্রদায়িক চেতনার বিকাশে ঘটনাটির প্রভাব ছিল তাৎপর্যময়– পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১ ▸ গ্রামের চেয়ারম্যান নির্বাচনে রবিন সাহেব প্রতিবছরে নির্বাচিত হতো। তার প্রতিদ্বন্দ্বী সালাম সাহেব হেরে গেলে, বিভিন্ন মিথ্যা মামলায় রবিন সাহেবকে ফাঁসিয়ে দিত। বিনিময়ে তাকে বিভিন্ন সময় জেলও খাটতে হয়েছে।

ক. শেখ মুজিবকে কে 'বঙ্গবন্ধু' উপাধি দেন? ১
খ. পূর্ব পাকিস্তানের প্রতি পশ্চিম পাকিস্তানের প্রশাসনিক বৈষম্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মামলার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঐতিহাসিক মামলার সামঞ্জস্য রয়েছে? দেখাও। ৩
ঘ. উদ্দীপকের মামলার সাথে সামঞ্জস্য থাকলেও উক্ত মামলার পরিণতি ভিন্ন ছিল– কথাটি বিশ্লেষণ কর। ৪

## বৃন্দাবন সরকারি কলেজ, হবিগঞ্জ

বিষয় কোড : 3 0 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ইতিহাস প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ 'শামীম' সিফফিন যুদ্ধের ইতিহাস পড়ার সময় লক্ষ করল, যুদ্ধে খলিফা আলী (রা.)-এর বাহিনীর বিজয়ের সম্ভাবনা দেখা দিলে মুয়াবিয়া (রা.) তাঁর প্রতিনিধি আমর ইবনে আল- আস এর কূটচলে যুদ্ধ বন্ধ করেন। এর ফলে আলী (রা.) খিলাফত হারান।

ক. দ্বৈত শাসন কে প্রবর্তন করেন? ১
খ. নীল জল নীতি কী? ২
গ. উদ্দীপকে উল্লিখিত যুদ্ধের সাথে ভারত উপমহাদেশের কোন যুদ্ধের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত যুদ্ধের ফলাফল বিশ্লেষণ কর। ৪

২ ▸ ইতালির নাবিক ক্রিস্টোফার কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন। আমেরিকা আবিষ্কারের পথে তিনি কিউবা, বাহামা, জ্যামাইকা আবিষ্কার করেন। তার এ আবিষ্কারে পৃথিবীতে এক নতুন দিগন্তের পথ উন্মোচিত হয়।

ক. আলীবর্দী খানের প্রকৃত নাম কী? ১
খ. অন্ধকূপ হত্যা কী? ২
গ. উদ্দীপকের নাবিক কলম্বাসের সাথে কোন পর্তুগিজ নাবিকের মিল আছে? ব্যাখ্যা কর ৩
ঘ. উক্ত নাবিকের ভারতীয় উপমহাদেশে আগমনের মধ্য দিয়ে ইউরোপীয় যে শক্তির উত্থান ঘটে তা বিশ্লেষণ কর। ৪

৩ ▸ ভারতীয় উপমহাদেশে আগমনকারী ব্রিটিশ শাসকবর্গের মধ্যে বেশ কয়েকজন শাসক উন্নয়নমূলক ও জনহিতকর অনেক কাজ করে ভারতীয়দের মনে স্থান করে নিয়েছেন।

জনৈক শাসক Vernacular Press Act, Hunter Commission, Municipal Act, প্রণয়ন করার মধ্য দিয়ে ভারতীয়দের মধ্যে স্মরণীয় হয়ে আছেন।

ক. সর্বভারতীয় জাতীয় কংগ্রেস কত সালে প্রতিষ্ঠিত হয়? ১
খ. স্বদেশী আন্দোলন কী? ২
গ. উদ্দীপকে উল্লিখিত কার্যক্রম তোমার পাঠ্যবইয়ের কোন শাসকের কার্যাবলিকে নির্দেশ করে? ৩
ঘ. পাঠ্যবইয়ের আলোকে উক্ত শাসকের কার্যক্রম সংক্ষেপে বর্ণনা কর। ৪

৪ ▸ দ্বিতীয় বিশ্বযুদ্ধে পরাজিত জার্মানিকে দুই ভাগে ভাগ করে পূর্ব ও পশ্চিম জার্মানি করা হয়। পূর্ব জার্মানিতে সমাজতান্ত্রিক মতাদর্শের সরকার এবং পশ্চিম জার্মানিতে পুঁজিবাদ মতাদর্শের সরকার গঠিত হয়। ১৯৮৯ সালে সমাজতান্ত্রিক মতবাদের পতন হলে আবার দুই জার্মানিকে একত্রিত করা হয়।

ক. মহাত্মা গান্ধীর পুরো নাম কী? ১
খ. ইলবার্ট বিল কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'Divide and Rule' ব্রিটিশ শাসকদের কৌশল পাঠ্যবিষয়ের নিরিখের বিশ্লেষণ কর। ৪

৫ ▸ 'ক' রাষ্ট্রে বহুদিন ধরে বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের মানুষ বসবাস করে আসছে। একসময় ওই অঞ্চলে একটি বড় বিদ্রোহ সংঘটিত হলে শাসকবর্গ পিছিয়ে থাকা সম্প্রদায়কে দায়ী করে। ওই সময়ে পিছিয়ে থাকা সম্প্রদায়ের ত্রাণকর্তা হিসেবে একজন মনীষীর আবির্ভাব ঘটে। তিনি তার সম্প্রদায়কে সকল ধর্মীয় গোঁড়ামি ত্যাগ করে ইংরেজি শিক্ষায় শিক্ষিত হয়ে শাসকের সাথে দূরত্ব কমিয়ে আনার পরামর্শ দেন। এজন্য তিনি বিভিন্ন সভা-সমিতি ও প্রতিষ্ঠানের মাধ্যমে আন্দোলন গড়ে তোলেন। ফলে তার সম্প্রদায়ের মধ্যে আত্মবিশ্বাস ও সচেতনতা গড়ে ওঠে।

ক. লাহোর প্রস্তাব কে উত্থাপন করেন? ১
খ. লক্ষ্ণৌ চুক্তি কী? ২
গ. উদ্দীপকের মনীষীর সাথে তোমার পঠিত কোন মনীষীর কাজের মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ভারতীয় মুসলমানদের চেতনা বিকাশে তার প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানসমূহ ও আন্দোলনের অবদান সর্বাধিক– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬ ▸ ফাল্গুন মাসের ভোরবেলা পাজামা-পাঞ্জাবি পরে খালি পায়ে বেড়িয়ে গেল রাশেদ। সতীর্থদের সাথে এক হয়ে সে ধীরে ধীরে এগিয়ে চলছে এক বেদির দিকে। তাদের হাতে ফুল। মুখে গান– "আমার ভাইয়ের রক্তে রাঙানো"।

ক. তমদ্দুন মজলিস প্রতিষ্ঠিত হয় কত সালে? ১
খ. ১৯৫৪ সালের নির্বাচনের ফলাফল কী ছিল? ২
গ. উদ্দীপকে বর্ণিত বিষয়বস্তু পাঠ্যবইয়ের কোন ঘটনাটিকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বাঙালি জাতীয়তাবাদী চেতনার উন্মেষ ঘটাতে উক্ত ঘটনাটি ছিল তাৎপর্যপূর্ণ'– বিশ্লেষণ কর। ৪

৭ ▸

| বিভাগ | পশ্চিম পাকিস্তান | পূর্ব পাকিস্তান |
|---|---|---|
| সেনাবাহিনী | ৯৫% | ৫% |
| নৌবাহিনী | ৮১% | ১৯% |
| বিমান বাহিনী | ৯১% | ৯% |

ক. শহিদ দিবস কত তারিখ? ১
খ. ধীরেন্দ্রনাথ দত্ত সম্পর্কে যা জান লেখ। ২
গ. উদ্দীপকের ছকটিতে পূর্ব পাকিস্তানের প্রতি যে বৈষম্য দেখানো হয়েছে তার আলোকে অর্থনৈতিক বৈষম্য বর্ণনা কর। ৩
ঘ. এ সকল বৈষম্যই কি স্বাধিকার আন্দোলনের একমাত্র কারণ? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ রনি তার বাবার সাথে বাসে করে যাচ্ছিল। তাদের বাস আসাদ গেইটে আসলে রনির বাবা বলেন, "এর নাম আসাদ গেইট। একটি ঐতিহাসিক ছাত্র আন্দোলনের সময় ছাত্রনেতা আসাদ শহিদ হয়েছিলেন। তার নামানুসারে এই জায়গাটি আসাদ গেইট নামকরণ করা হয়েছে।"

ক. কোন চুক্তির মাধ্যমে পাক-ভারত যুদ্ধের অবসান হয়? ১
খ. কোন কোন দলের সমন্বয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়? ২
গ. উদ্দীপকে রনির বাবা কোন ঐতিহাসিক আন্দোলনের প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের ইতিহাসে উক্ত আন্দোলনের ফলাফল বিশ্লেষণ কর। ৪

৯ ▸ সুজন তার ভাইয়ের সাথে মহানগর নাট্য থিয়েটারে নাটক দেখতে যায়। নাটকের কাহিনিতে দেখা যায়, একটি দেশে গভীর রাতে ঘুমন্ত জনগণের ওপর সে দেশের সেনাবাহিনী আক্রমণ চালায়। ঘরবাড়ি পুড়িয়ে দেয়। নির্বিচারে মানুষ হত্যা করে।

ক. যুক্তফ্রন্ট কত দফা কর্মসূচি গ্রহণ করে? ১
খ. মুক্তিযুদ্ধে নারীদের ভূমিকা লেখ। ২
গ. উদ্দীপকে সুজনের দেখা নাটকের কাহিনিতে পঠিত বইয়ের কোন ঘটনার প্রতিফলন দেখা যায়? বর্ণনা কর। ৩
ঘ. উক্ত ঘটনার প্রেক্ষিতে বাংলাদেশের বিভিন্ন স্থানে সশস্ত্র প্রতিরোধ গড়ে ওঠে– মতামত দাও। ৪

১০ ▸ তুষার তার দাদার কাছ থেকে একটি রাষ্ট্রের মুক্তিযুদ্ধের গল্প শুনছিল। দাদা জানায় মুক্তিযুদ্ধের শেষ দিকে দখলদার বাহিনী তার দোসরদের সহযোগিতায় বুদ্ধিজীবী হত্যা শুরু করে। বুদ্ধিজীবীদের এ নিধনযজ্ঞে শিক্ষাবিদ, বিজ্ঞানী, চিকিৎসক, সাংবাদিক, শিল্পী, আইনজীবী, রাজনীতিবিদ, উচ্চপদস্থ কর্মকর্তা কেউ বাদ পড়েনি।

ক. 'Witness to Surrender' গ্রন্থের রচয়িতা কে? ১
খ. মুক্তিযুদ্ধে কৃষকদের অংশগ্রহণ কেমন ছিল? ব্যাখ্যা কর। ২
গ. তুষারের দাদার গল্পে বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন কোন ঘটনার প্রতিচ্ছবি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ঘটনার ফলে বাংলাদেশ অনেক পিছিয়ে পড়ে–তুমি কি এ বক্তব্যের সাথে একমত? তোমার সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▸ মোজাম্বিক আফ্রিকার সর্ব দক্ষিণের একটি দেশ। ঔপনিবেশিক শক্তি কর্তৃক গৃহীত শাসনতান্ত্রিক ও অর্থনৈতিক নীতির ফলে জনমনে এক সময় অসন্তোষ সৃষ্টি হয়, যার ফলে দেশটিতে দীর্ঘকালব্যাপী গেরিলা যুদ্ধের সূচনা ঘটে। মোজাম্বিক তাদের আত্মনিয়ন্ত্রণের অধিকারের সপক্ষে সারা বিশ্বের কাছে সহযোগিতা কামনা করে। তাদের ডাকে সাড়া দিয়ে মিত্রদেশগুলো এগিয়ে আসলেও একটি বৃহৎ শক্তি এর বিরোধিতা করে। মিত্র দেশগুলোর প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতায় মোজাম্বিক ১৯৭৫ খ্রিষ্টাব্দে স্বাধীন দেশ হিসেবে বিশ্ব মানচিত্রে স্থান লাভ করে।

ক. জর্জ হ্যারিসন কে ছিলেন? ১
খ. ভেটো ক্ষমতা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের মোজাম্বিকের মতো আমাদের স্বাধীনতা যুদ্ধে বিরোধিতাকারী বৃহৎ দেশটির ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. মিত্র দেশগুলোর সহযোগিতা স্বাধীনতা অর্জনকে ত্বরান্বিত করেছিল– মতামত দাও। ৪

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

# ইতিহাস প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ রাশেদ চৌধুরী নীল কমল এলাকার ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী হয়েছেন। তার প্রভাবশালী আত্মীয় কবির সাহেব অনেকের মতো কুরআন ছুঁয়ে প্রতিজ্ঞা করলেন যে তাকে ভোট দিবেন এবং তার পক্ষে কাজ করবেন। কিন্তু পরবর্তীতে দেখা গেল বিপক্ষ প্রার্থীর কাছ থেকে ঘুষ খেয়ে সে রাশেদ চৌধুরীর বিরোধিতা করল। ফলে রাশেদ চৌধুরী নির্বাচনে পরাজিত হলো।

ক. ইংরেজরা প্রথম কোথায় বাণিজ্য কুঠি স্থাপন করে? ১
খ. 'মানজামিনী প্রথা' বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কবির সাহেবের কার্যক্রমের সাথে তোমার পাঠ্যবইয়ে বর্ণিত কোন ব্যক্তির সাদৃশ্য রয়েছে? কীভাবে? ৩
ঘ. কবির সাহেবের বিশ্বাসঘাতকতাই ছিল রাশেদ সাহেবের পরাজয়ের একমাত্র কারণ– তুমিও কি তাই মনে কর? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▸ আব্দুর রহমান একজন ধর্মভীরু মুসলমান। ছোট বেলা থেকেই তিনি কোনো রকম অন্যায়-অত্যাচার, অনিয়ম, জুলুম সহ্য করতেন না। অন্যদিকে তার গ্রামের মাতাব্বর রফিক তালুকদার স্থানীয় গরিব চাষিদের থেকে জোড় করে ফসল সংগ্রহ করতেন। আব্দুর রহমান এ অন্যায়ের প্রতিবাদ করার জন্য গ্রামের কৃষক ও শ্রমিকদের সংগঠিত করেন। তার গ্রামে বাঁশ ও কাঠ দিয়ে দুর্গ নির্মাণ করেন। তার শিষ্যদের সেখানে প্রশিক্ষণ প্রদান করেন। এ খবর শুনে মাতাব্বর পুলিশের সহায়তা নিয়ে দুর্গ আক্রমণ করে। ফলে পুলিশের সাথে আব্দুর রহমান ও তার শিষ্যদের তীব্র সংঘর্ষ হয়।

ক. রেগুলেটিং অ্যাক্ট কত সালে প্রবর্তন করা হয়? ১
খ. ফরায়েজি আন্দোলন বলতে কী বোঝায়? ২
গ. বাংলার কোন আন্দোলনের সাথে উদ্দীপকের আন্দোলনের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'আব্দুর রহমানের প্রতিরোধের প্রভাব ছিল সুদূরপ্রসারী– পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▸ উনিশ শতকের শুরুর দিকে ভারতে একজন বিদেশি ব্যক্তি সামাজিক সংস্কারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তিনি সমাজের শিক্ষিত, সচেতন ব্যক্তিদের নিয়ে বিভিন্ন সামাজিক কুসংস্কারের বিরুদ্ধে কঠোর আইন প্রণয়ন করেন। তিনি শিক্ষাক্ষেত্রেও সংস্কার করে স্মরণীয় হয়ে আছেন। তার সংস্কারসমূহ তৎকালীন ভারতবর্ষের মানুষকে সামাজিকভাবে সচেতন ও আধুনিক মানসিকতায় সমৃদ্ধ করেছে।

ক. সতীদাহ প্রথা কে বাতিল করেন? ১
খ. সতীদাহ প্রথা কীভাবে কার্যকর করা হতো? ২
গ. উদ্দীপকে লুক্কায়িত সংস্কার কার্যক্রমের সাথে তোমার পাঠ্যবইয়ে বর্ণিত কোন বিষয়ের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে বর্ণিত সংস্কার কার্যক্রম ভারতবর্ষে অভূতপূর্ব সামাজিক পরিবর্তন এনেছিল"– তুমিও কি তাই মনে কর? ৪

৪ ▸ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর মিত্রশক্তির দেশগুলো জার্মানিকে দুই ভাগে বিভক্ত করে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে। পূর্ব জার্মানি এবং পশ্চিম জার্মানি নামে দুটি দেশ যাত্রা শুরু করে। রাজধানী বার্লিন শহরও দুইভাগে বিভক্ত হয়ে যায়। যদিও দীর্ঘদিন আলাদা থাকার পর ১৯৯০ সালে জার্মানি আবার একত্রিত হয়। ফলে জার্মানি আবার পূর্বের মতো শক্তিশালী দেশ হিসেবে ফিরে আসে।

ক. ব্রিটিশ ভারতের প্রথম ভাইসরয়ের নাম কী? ১
খ. আলীগড় আন্দোলন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত দেশভাগ ও একত্রীকরণের সাথে ভারতবর্ষের কোন ঘটনার মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ভারতবর্ষের উক্ত বিভক্তি কার্যক্রম রাজনৈতিক কারণে করা হয়েছিল'– তোমার মতামত দাও। ৪

৫ ▸ ফাইজা ও হাবিবা দুই বান্ধবী। তারা কেনাকাটা করতে গ্রামীণ বস্ত্রালয়ের বিক্রয়কেন্দ্রে যায়। তারা অনেক বিদেশি শাড়ি-কাপড় দেখল। তখন বিক্রয়কর্মী বলল, আপনারা দেশি পোশাক কিনবেন না বিদেশি পোশাক কিনবেন? তখন ফাইজা বলল, আমরা দেশি কাপড় কিনব। তার কথা শুনে হাবিবা বলল, 'দেশি পণ্য কিনে হও ধন্য।

ক. আওয়ামী মুসলিম লীগ কত সালে প্রতিষ্ঠিত হয়? ১
খ. অসহযোগ আন্দোলন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত দেশি পণ্যক্রয় কোন আন্দোলনকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. দেশি পণ্য কিনে হও ধন্য– এ উক্তির আলোকে উক্ত আন্দোলনের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৬ ▸ সোমালিয়ার একটি অঞ্চলের সোহাইলি ভাষাভাষিরা পূর্ব ঘোষিত আন্দোলনের কর্মসূচি অনুযায়ী ধর্মঘট পালন করে। হাজার হাজার ছাত্র, যুবক, জনতা জমায়েত হয় এ আন্দোলনে। সোহাইলি ভাষাকে রাষ্ট্রীয় স্বীকৃতির জন্য দেশব্যাপী আন্দোলন ছড়িয়ে পড়ে। সবাইকে হতবাক করে দিয়ে আন্দোলনকারীদের ওপর গুলিবর্ষণ করা হয়। অনেক মানুষ হতাহত হয়।

ক. তমদ্দুন মজলিস কী? ১
খ. 'ছয় দফা' বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার সাদৃশ্য পাওয়া যায়? কীভাবে? ৩
ঘ. বাংলা ভাষার জন্য জনতার আত্মত্যাগ বর্তমান প্রজন্ম কীভাবে লালন করে তাদের জাতীয়তাবোধ জাগ্রত করতে পারে? ৪

৭ ▸ বিহার একটি হিন্দু সংখ্যা গরিষ্ঠ অঞ্চল। সেখানে হিন্দুরা শিক্ষা-দীক্ষা ও চাকরি ক্ষেত্রে এগিয়ে আছে। অন্যদিকে মুসলমানরা কুসংস্কার ও অন্যান্য কারণে পিছিয়ে আছে। একসময় সেখানে আকবর খান নামক এক প্রতিভাবান লোকের নাম ছড়িয়ে পড়ে। তিনি মুসলমানদের কুসংস্কার থেকে দূরে থাকা এবং পাশ্চাত্য শিক্ষা গ্রহণে উদ্বুদ্ধ করেন। পরবর্তীতে মুসলমানদের জন্য একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন। ফলে সার্বিকভাবে মুসলমানরা অগ্রসর হতে থাকে।

ক. নিখিল ভারত মুসলিম লীগ কবে প্রতিষ্ঠিত হয়? ১
খ. ইলবার্ট বিল বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যক্তির সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ব্যক্তির সাদৃশ্য পাওয়া যায়? কিভাবে? ৩
ঘ. পাঠ্যবইয়ের আলোকে মুসলমানদের উন্নয়নের অগ্রদূত হিসেবে উক্ত ব্যক্তির অবদান মূল্যায়ন কর। ৪

৮ ▸ ১৯৫২ → ১৯৫৪ → ১৯৬৬ → ১৯৬৯ → ১৯৭১

ক. বাংলাদেশের ইতিহাসে ১৯৬৬ সাল বিখ্যাত কেন? ১
খ. আগরতলা মামলার কারণ কী ছিল? ২
গ. উদ্দীপকে উল্লিখিত সালগুলোর মধ্যে তোমার পাঠ্যবইয়ের আলোকে যোগসূত্র তৈরি কর। ৩
ঘ. পাঠ্যবইয়ের আলোকে ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্টের বিজয়ের কারণসমূহ বিশ্লেষণ কর। ৪

৯ ▸ পূর্ব তিমুর ছিল ইন্দোনেশিয়ার একটি প্রদেশ। পূর্ব তিমুরের প্রাকৃতিক সম্পদ তেল, গ্যাস, কয়লা থেকে প্রাপ্ত অর্থ ইন্দোনেশিয়ার সামগ্রিক উন্নয়নের জন্য ব্যয় করা হতো। কিন্তু পূর্ব তিমুরের প্রতি বিভিন্নভাবে বৈষম্য আরোপ করা হয়। ফলে একসময় পূর্ব তিমুরের মানুষ তাদের অধিকার আদায়ের জন্য আন্দোলনে নেমে পড়ে। ব্যাপক সহিংসতার মধ্য দিয়ে ২০০২ সালে পূর্ব তিমুর স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে।

ক. আগরতলা মামলার আসামির সংখ্যা কত ছিল? ১
খ. মুজিবনগর সরকার সম্পর্কে কী জানো? ২
গ. তোমার পাঠ্যবইয়ের আলোকে পূর্ব পাকিস্তানের সাথে পশ্চিম পাকিস্তানের অর্থনৈতিক বৈষম্য তুলনামূলক বিশ্লেষণ কর। ৩
ঘ. 'অর্থনৈতিক বৈষম্যই ছিল পূর্ব পাকিস্তানের স্বাধীনতা আন্দোলনের মূল কারণ'– এ উক্তির সাথে তুমি কি একমত? তোমার মতামত দাও। ৪

১০ ▸ আফ্রিকার দক্ষিণ সুদানের জনগণ উত্তর সুদানের শাসকদের অত্যাচার থেকে রক্ষা পেতে দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছিল। দুই অঞ্চলের মধ্যে নানারকম বৈষম্য বিরাজমান ছিল। পরবর্তীতে দক্ষিণ সুদানের জনগণ একটি অস্থায়ী সরকার গঠন করে মুক্তিসংগ্রাম পরিচালনা করে। অস্থায়ী সরকারের দক্ষ নেতৃত্বে একসময় বহু মানুষের জীবনের বিনিময়ে দক্ষিণ সুদানের জনগণ স্বাধীনতা লাভ করে।

ক. মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশকে কতটি সেক্টরে ভাগ করা হয়? ১
খ. গেরিলা যুদ্ধ সম্পর্কে কী জান? ২
গ. উদ্দীপকের অস্থায়ী সরকারব্যবস্থার সাথে তোমার পাঠ্যবইয়ের আলোকে বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন গঠিত সরকারের তুলনামূলক বিশ্লেষণ কর। ৩
ঘ. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে মুজিবনগর সরকারের কার্যক্রম মূল্যায়ন কর। ৪

১১ ▸ 'ক' নামক অঞ্চলের অধিবাসীরা তাদের স্বাধীনতার জন্য যুদ্ধ শুরু করে। 'খ' নামের রাষ্ট্র 'ক' অঞ্চলের মানুষের স্বাধীনতা সংগ্রামে বিভিন্নভাবে সহযোগিতা করে। অন্যদিকে 'গ' নামক অন্য আরেকটি রাষ্ট্র 'ক' অঞ্চলের স্বাধীনতার বিপক্ষে অবস্থান নেয় এবং তার বিরুদ্ধে যুদ্ধ জাহাজ প্রেরণ করে। সবশেষে 'ক' নামক অঞ্চলের অধিবাসীরা তাদের জীবন ও সম্পদের বিনিময়ে স্বাধীনতা লাভ করে।

ক. মুজিবনগর সরকার কত তারিখে গঠিত হয়? ১
খ. বুদ্ধিজীবী দিবস সম্পর্কে কী জান? ২
গ. উদ্দীপকে উলিখিত 'খ' নামক রাষ্ট্রের সাথে তোমার পাঠ্যবইয়ের আলোকে কোন দেশের ভূমিকাকে তুলনা করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে উক্ত 'খ' নামক রাষ্ট্রটির কার্যক্রম মূল্যায়ন কর। ৪

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ইতিহাস প্রথম পত্র ◙ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ 'ইরা' রোমান সভ্যতার ইতিহাস পড়ার সময় লক্ষ করল, রোমান সম্রাট নিরো তার বিশাল সাম্রাজ্যে শক্তিশালী সেনাবাহিনী, দক্ষ মন্ত্রিবর্গ থাকা সত্ত্বেও অভিজ্ঞতার অভাব, অভ্যন্তরীণ ষড়যন্ত্র, বিশ্বস্ত ব্যক্তির বিশ্বাসঘাতকতায় যুদ্ধে পরাজিত হন। ফলে রোমান সাম্রাজ্যের পতন ত্বরান্বিত হয়।

ক. কোন নদীরে তীরে পলাশীর যুদ্ধ সংঘটিত হয়েছিল? ১
খ. ব্রিটিশ ইস্ট-ইন্ডিয়া কোম্পানির পরিচয় দাও। ২
গ. উদ্দীপকের নিরোর পরাজয়ের সাথে পাঠ্যবইয়ের কোন শাসকের পরাজয়ের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উক্ত ব্যক্তির পরাজয়ের মধ্য দিয়েই ঔপনিবেশিক শাসনের সূত্রপাত হয়"— মতামত দাও। ৪

২ ▶ রহিম মহানগরী নাট্যমঞ্চে নাটক দেখতে যায়। সেখানে একটি ঐতিহাসিক নাটক মঞ্চস্থ হচ্ছে। নাটকের ঘটনায় দেখা যায়, একটি বিদেশি কোম্পানিকে বিতাড়িত করার জন্য দেশটির ৩টি অঞ্চলের রাজা মিলে যৌথ বাহিনী নিয়ে যুদ্ধ করেন। কিন্তু তারা যুদ্ধে পরাজিত হন।

ক. দ্বৈত শাসনব্যবস্থা কে প্রবর্তন করেন? ১
খ. ইংরেজ কোম্পানি কীভাবে দেওয়ানি লাভ করে? ২
গ. উদ্দীপকের রহিমের দেখা নাটকের ঘটনা তোমার পঠিত কোন যুদ্ধের প্রতিচ্ছবি? ৩
ঘ. ব্রিটিশ শক্তির উৎপত্তি হিসেবে পলাশীর যুদ্ধ অপেক্ষা এ যুদ্ধ অনেক বেশি গুরুত্বপূর্ণ— বিশ্লেষণ কর। ৪

৩ ▶ করিম সাহেব তার এলাকার পিছিয়ে পড়া নিজ সম্প্রদায়ের মধ্যে পাশ্চাত্য শিক্ষা ও পাশ্চাত্য ভাবধারার প্রসার এবং তাদেরকে আধুনিক শিক্ষায় শিক্ষিত করার জন্য বিভিন্ন সংস্থা গঠন, পত্রিকা প্রকাশ, ইংরেজি শিক্ষার জন্য স্কুল ও কলেজ প্রতিষ্ঠা করেন। তার ইচ্ছা ছিল শিক্ষার আলো জ্বালিয়ে নিজ সম্প্রদায়কে কুসংস্কারমুক্ত ও অধিকার সচেতন করা।

ক. কত খ্রিষ্টাব্দে ভারতে কোম্পানি শাসনের অবসান ঘটে? ১
খ. স্বদেশি আন্দোলন কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে করিম সাহেবের কাজের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ব্যক্তির কাজের মিল পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ব্যক্তির কার্যক্রম তার সম্প্রদায়ের অধিকার প্রতিষ্ঠায় কী ধরনের প্রভাব বিস্তার করেছিল? বিশ্লেষণ কর। ৪

৪ ▶ ১৮৮৫ সালের কংগ্রেস এবং ১৯০৬ সালে মুসলিম লীগ প্রতিষ্ঠিত হবার পর থেকে ভারতের রাজনীতি যেন দুই ধারায় বিভক্ত হয়ে যায়। তবে ১ম বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে এই দুটি প্রতিদ্বন্দ্বী দল একসাথে আন্দোলন করেছিল বিট্রিশদের বিরুদ্ধে।

ক. ফোর্ট উইলিয়াম দুর্গ কত সালে নির্মিত হয়? ১
খ. ইলবার্ট বিল কী? ২
গ. উদ্দীপকে কোন আন্দোলনের কথা বলা হয়েছে? পাঠ্যবইয়ের আলোকে আলোচনা কর। ৩
ঘ. উক্ত আন্দোলন কেন ব্যর্থ হয়েছিল? ৪

৫ ▶ জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠিত হয় ভারতবর্ষের সকল সম্প্রদায়ের দাবি আদায়ের সংগঠন হিসেবে। কিন্তু বিভিন্ন ঘটনার প্রেক্ষিতে ভারতবর্ষে হিন্দু ও মুসলমান দুটি সম্প্রদায়ের পথ আলাদা হয়ে যায়। ১৯৪০ সালে মুসলিম লীগের এক বাঙালি নেতা একটি প্রস্তাব উত্থাপন করেন।

ক. আলীগড় আন্দোলনের নেতা কে ছিলেন? ১
খ. মন্ত্রিমিশন পরিকল্পনা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন প্রস্তাবের কথা বলা হয়েছে? তার বৈশিষ্ট্যগুলো লেখ। ৩
ঘ. তুমি কি মনে কর, উক্ত প্রস্তাবে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় নিহিত ছিল? বিশ্লেষণ কর। ৪

৬ ▶ একটি সামাজিক অনুষ্ঠানের বক্তব্যে একজন বক্তা উর্দু এবং ফার্সি ভাষায় বক্তৃতা করলেন। পরে তা আবার বাংলায়ও অনুবাদ করেন। অনুষ্ঠান শেষে বক্তা একজন শ্রোতাকে তার বক্তব্যের মূল্যায়ন করতে বলেন। শ্রোতা তাকে বলেন, আপনি নিজ ভাষাতে বক্তব্য দিলেই ভালো করতেন।

ক. কে সর্বপ্রথম গণপরিষদে বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করার প্রস্তাব দেন? ১
খ. লর্ড রিপনের শিক্ষা সংস্কার ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত শ্রোতার বক্তব্যে যে আন্দোলনের বহিঃপ্রকাশ ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উক্ত আন্দোলনের মাধ্যমে অর্জিত ভাষাটি পৃথিবীতে দেশটির মর্যাদা বৃদ্ধি করেছে"— পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ "কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি।"

ক. কোন গভর্নর জেনারেলের শাসনামলে বঙ্গভঙ্গ হয়? ১
খ. তমদ্দুন মজলিস গঠনের উদ্দেশ্য কী ছিল? ২
গ. উদ্দীপকে উল্লিখিত কবিতার লাইনটি তোমার পাঠ্যবইয়ের যে ঘটনার কথা মনে করিয়ে দেয় তার পটভূমি বর্ণনা কর। ৩
ঘ. উক্ত ঘটনাটি বাঙালি জনগোষ্ঠীকে সর্বপ্রথম বাঙালি জাতীয়তাবাদে উদ্দীপ্ত করে তোলে— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৮ ▶ ১৯৬৯ সালের ২০ জানুয়ারি পুলিশের গুলিতে শহিদ হন ছাত্রনেতা আসাদুজ্জামান। শহিদ আসাদের রক্তমাখা শার্ট নিয়ে পরদিন রাজধানী ঢাকায় বের হয় শোক মিছিল। বিক্ষুব্ধ জনতা সেই সময় আইয়ুব গেটের সামনে প্রতিবাদের ক্ষুদ্র প্রতিক হিসেবে গেটের নামফলক মুছে দেন এবং লিখেন আসাদ গেট।

ক. যুক্তফ্রন্ট কত সালে গঠিত হয়? ১
খ. অপারেশন সার্চলাইট কী? ২
গ. উদ্দীপকের ঘটনা তোমার পাঠ্যবইয়ের যে আন্দোলনের কথা মনে করিয়ে দেয় তার পটভূমি লেখ। ৩
ঘ. উক্ত আন্দোলনের ফলাফল বিশ্লেষণ কর। ৪

৯ ▶ ক উপজেলার নির্বাচনে ডেভিড-এর দল জয়লাভ করে। কিন্তু ক্ষমতাসীন দল নির্বাচনে পরাজিত হয়ে ক্ষমতা হস্তান্তরে টালবাহানা শুরু করে। ফলে নির্বাচিতরা এর বিরুদ্ধে প্রতিবাদ শুরু করে।

ক. যুক্তফ্রন্টে কত দফা ছিল? ১
খ. ১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধ সম্পর্কে লেখ। ২
গ. উদ্দীপকে নির্বাচনের সাথে পাঠ্যপুস্তকের কোন নির্বাচন সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত নির্বাচনের ফলাফল বিশ্লেষণ কর। ৪

১০ ▶ প্রথম বিশ্বযুদ্ধের সময় জার্মানি বেলজিয়াম আক্রমণ করে অধিকাংশ এলাকা তার দখলে নিয়ে নেয়। ফলে বেলজিয়ামের জনপ্রতিনিধিরা প্রতিবেশী দেশ ইংল্যান্ডে গিয়ে একটি প্রবাসী সরকার গঠন করে।

ক. কোন কোন বাহিনী নিয়ে যৌথ কমান্ড গঠিত হয়? ১
খ. মুক্তিযুদ্ধে বাংলার কৃষকের অবদান বর্ণনা কর। ২
গ. উদ্দীপকে গঠিত সরকারের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন সরকারের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সরকারের দায়িত্বশীল কার্যক্রম বাংলাদেশের স্বাধীনতা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে— তোমার মতামত দাও। ৪

১১ ▶ বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় বিভিন্ন দেশের সাধারণ মানুষ, সংস্থা ও বুদ্ধিজীবীরা সমর্থন জানালেও 'ক' নামক প্রতিষ্ঠানটি কাঙ্ক্ষিত কার্যকর ভূমিকা রাখতে পারেনি। প্রতিষ্ঠানটি ভেটো ক্ষমতাসম্পন্ন ৫টি বৃহৎ শক্তির সিদ্ধান্তের বাইরে গিয়ে কার্যকর উদ্যোগ গ্রহণে ব্যর্থ হয়।

ক. মুক্তিযুদ্ধের সময় মার্কিন পররাষ্ট্রমন্ত্রী কে ছিলেন? ১
খ. ভেটো ক্ষমতা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের 'ক' প্রতিষ্ঠানটি কোন প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রতিষ্ঠানটি প্রকৃতপক্ষে বৃহৎ রাষ্ট্রশক্তির নিকট জিম্মি— তোমার মতামত দাও। ৪

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ইতিহাস প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জয়নগর একটি উন্নত অঞ্চল। এখানে যাতায়াত ব্যবস্থার উন্নতির ফলে অনেক অঞ্চলের ব্যবসায়ীরা এ অঞ্চলে ব্যবসার জন্য আসে। উক্ত ব্যবসায়ীদের একটি দল অত্যন্ত শক্তিশালী ছিল। তারা জয়নগরের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক কর্মে লিপ্ত হয়ে পড়ে এবং যুদ্ধে জড়িয়ে পড়ে। যুদ্ধে জয়লাভ করে অঞ্চলটিতে নিজেদের আধিপত্য প্রতিষ্ঠা করে।

ক. আলীবর্দী খান কে ছিলেন? ১

খ. আলীনগরের সন্ধি বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উক্ত যুদ্ধের ফলাফল বিশ্লেষণ কর। ৪

২ ▸ জনাব করিম একটি সেমিনারে ভারতীয় উপমহাদেশে একজন বিদেশি কর্তৃক প্রবর্তিত শাসনব্যবস্থার বৈশিষ্ট্য উল্লেখ করেন। তিনি বলেন, এটি ছিল প্রশাসনিক সংস্কার। এ শাসনব্যবস্থার সংস্কার দেশীয় নবাবের হাতে শাসন ক্ষমতা অর্পণ করে নিজেদের হাতে দেশরক্ষা ও রাজস্ব আদায়ের ক্ষমতা রাখেন। এ শাসন ব্যবস্থাকে প্রথমদিকে সফল মনে হলেও শেষ পর্যন্ত এটি দুর্ভিক্ষের উদ্ভব ঘটায়।

ক. মীরজাফর কে ছিলেন? ১

খ. ইউরোপীয়দের ভারতবর্ষে আগমনের কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত শাসনের শেষ পরিণতি হলো দুর্ভিক্ষ — ব্যাখ্যা কর। ৪

৩ ▸ জনগণের দাবি-দাওয়া সরকারের নিকট তুলে ধরার জন্য এবং আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটাতে রাজনৈতিক দলগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ উদ্দেশ্যকে সামনে রেখে সর্বপ্রথম একটি রাজনৈতিক দল গঠিত হয়, যা জনগণের মধ্যে ব্যাপক সাড়া ফেলে।

ক. মহাত্মা গান্ধীর পুরো নাম কী? ১

খ. লাহোর প্রস্তাব কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত দল দেশটির জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটাতে কতটুকু সক্ষম হয়েছিল? মতামত দাও। ৪

৪ ▸ প্রথম বিশ্বযুদ্ধের পূর্বে মুসলমানদের নিকট তুরস্কের সুলতানের খিলাফতের মর্যাদা ছিল অসীম। যুদ্ধে তুরস্ক জার্মানির পক্ষে আর ব্রিটেন জার্মানির বিপক্ষে অবস্থান নেয়। ফলে ব্রিটিশ উপনিবেশের অধীনস্থ মুসলমানরা ব্রিটেনের পক্ষে যুদ্ধে অংশগ্রহণে অস্বীকৃতি জানায়। ব্রিটিশরা ভারতীয় মুসলমানদের আশ্বস্ত করে যে, যুদ্ধে জয়ী হলে তারা তুরস্কের খিলাফতের কোনো ক্ষতিসাধন করবে না। কিন্তু যুদ্ধ শেষে ব্রিটিশরা তাদের প্রতিশ্রুতি ভঙ্গ করলে ভারতীয় মুসলমানেরা তাদের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলে।

ক. মুসলিম লীগ কত সালে প্রতিষ্ঠিত হয়? ১

খ. ইলবার্ট বিল কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত আন্দোলনের ফলাফল পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪

৫ ▸ একটি সামাজিক অনুষ্ঠানের বক্তব্যে একজন বক্তা উর্দু এবং ফার্সি ভাষায় বক্তৃতা করলেন। পরে তা আবার বাংলা ভাষায় অনুবাদ করেন। অনুষ্ঠান শেষে বক্তা একজন শ্রোতাকে তার বক্তব্যের মূল্যায়ন করতে বলেন। শ্রোতা তাকে বলেন, আপনি নিজ ভাষাতে বক্তব্য দিলেই ভালো করতেন।

ক. বাংলাকে দ্বিতীয় মাতৃভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে কোন দেশ? ১

খ. দ্বিজাতি তত্ত্ব বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত শ্রোতার বক্তব্যে যে আন্দোলনের বহিঃপ্রকাশ ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত আন্দোলনের মাধ্যমে অর্জিত ভাষাটি পৃথিবীতে দেশটির মর্যাদা বৃদ্ধি করেছে — ব্যাখ্যা কর। ৪

৬ ▸ আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি
ছেলেহারা শত মায়ের অশ্রুগড়া এ ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি।

ক. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কবে ঘোষিত হয়? ১

খ. তমদ্দুন মজলিস গঠনের প্রেক্ষাপট ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকটিতে গানের সুরে যে বিয়োগান্তক ঘটনার স্মৃতি স্মরণ করিয়ে দেয় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. বাঙালি সংস্কৃতির মর্যাদা রক্ষায় 'এ গানটি ছিল প্রেরণার উৎস'— এর পক্ষে তোমার মতামত দাও। ৪

৭ ▸ হাবিবপুর বাংলাদেশের একটি অনুন্নত অঞ্চল। স্থানীয় জননেতা শাহিন সাহেব মানুষের প্রতি বৈষম্য নিরসনকল্পে একটি জনসভায় কতিপয় দাবি সংবলিত একটি দাবিনামা পেশ করেন। এ দাবিনামা এলাকার গণমানুষের মধ্যে অভূতপূর্ব জাগরণ সৃষ্টি করে। জনগণ দাবি আদায়ে সোচ্চার হয়।

ক. কত সালে যুক্তফ্রন্ট গঠিত হয়? ১

খ. আগরতলা ষড়যন্ত্র মামলা সম্পর্কে কী জান? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের দাবিগুলোর সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ঘটনা ছিল বাঙালি জাতির ম্যাগনাকার্টা — ব্যাখ্যা কর। ৪

৮ ▸ ১৯২৯ সালে শ্রমিক আন্দোলনকে দমানোর জন্য এবং ব্রিটিশ রাজশক্তির বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগে ৩৩ জন শ্রমিক সংগঠককে গ্রেপ্তার করা হয়েছিল। এই মামলায় অভিযুক্ত আসামিদের সমর্থনে দেশে বিদেশে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। অবশেষে ১৯৩৩ সালে মামলাটি প্রত্যাহার করতে সরকার বাধ্য হয়।

ক. আগরতলা মামলার আসামি কতজন ছিল? ১

খ. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের ফলাফল আলোচনা কর। ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত মামলা মিথ্যা প্রমাণিত হওয়ায় সরকার এক করুণ পরিস্থিতির সম্মুখীন হয় — উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯ ▸ দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ মিয়ানমার ছিল একটি সামরিক শাসিত দেশ। দীর্ঘদিন সেখানে অং সান সুচির নেতৃত্বে সামরিক শাসন বিরোধী আন্দোলন গড়ে ওঠে। সামরিক সরকার আন্দোলন দমনের জন্য নির্যাতন যত বাড়িয়েছে আন্দোলন ততই জোরদার হয়েছে। একসময় সামরিক শাসক দেশটিতে নির্বাচন দিতে বাধ্য হয়।

ক. কোন চুক্তির মাধ্যমে ১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধের অবসান ঘটে? ১

খ. ছয় দফার গুরুত্ব আলোচনা কর। ২

গ. উদ্দীপকের নির্বাচনের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন নির্বাচনের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত নির্বাচন দেশটির স্বাধীনতা লাভে কি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল? তোমার মতামত দাও। ৪

১০ ▸ রাহান ও সাফান বাবার সাথে রায়েরবাজার বধ্যভূমি স্মৃতিসৌধে ঘুরতে যায়। সেখানে ২৫ মার্চের কালরাতের পৈশাচিক নিষ্ঠুরতা, পাকবাহিনীর বর্বরতা, বিজয়ের উষালগ্নে পাকবাহিনীর দোসর রাজাকার, আলবদর, আলশামস বাহিনী কর্তৃক দেশের বুদ্ধিজীবীদের হত্যাকাণ্ডের কাহিনি শুনে তারা ভীষণভাবে বিচলিত ও মর্মাহত হয়। তবে বীর বাঙালির প্রতিরোধের যুদ্ধের গল্প শুনে তারা খুশি হয়।

ক. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন? ১

খ. মুজিবনগর সরকার গঠন সম্পর্কে আলোচনা কর। ২

গ. উদ্দীপকের আলোকে মুক্তিযুদ্ধকালীন পাকবাহিনীর নিষ্ঠুরতা ও বর্বরতা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত নিষ্ঠুরতা ও বর্বরতার কারণে পাকবাহিনীর বিরুদ্ধে পুঞ্জিভূত ক্ষোভ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকে ত্বরান্বিত করেছিল — মতামত দাও। ৪

১১ ▸ সোহান খুলনা থেকে ঢাকার সাভারে বেড়াতে এসেছে। সাভারের স্মৃতিসৌধ দেখে বাংলাদেশের ইতিহাসের একটি স্মরণীয় যুদ্ধের কথা তার মনে পড়ে যায়। যে যুদ্ধের মাধ্যমে অর্জিত হয়েছিল লাল-সবুজের পতাকা। সোহান স্মৃতিসৌধের বেদিতে দাঁড়িয়ে শপথ করল এক সাগর রক্তের বিনিময়ে বাংলার স্বাধীনতা আনল যারা আমরা তাদের কখনো ভুলব না। তবে এটা সত্যি যে, এ যুদ্ধে প্রতিবেশী দেশের জনগণের অবদান অপরিসীম।

ক. জর্জ হ্যারিসন কে ছিলেন? ১

খ. ভেটো ক্ষমতা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের আলোচিত যুদ্ধে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত যুদ্ধে ভারতীয় জনগণের অবদান ছিল অপরিসীম — মূল্যায়ন কর। ৪